আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
কোন কোন আহলে কিতাব এমনও রয়েছে, তোমরা যদি তাদের কাছে বহু ধন-সম্পদ আমানত রাখ, তাহলেও তা তোমাদের যথারীতি পরিশোধ করবে।
সূরা আল ইমরান ৭৪

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ১৩ সেপ্টেম্বর ২০২৬ ॥ ০১ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ৩০ ভাদ্র ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১০০ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
অ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

আমরা দেশকে পুনর্গঠন করতে চাইলে কেউ ঠেকিয়ে রাখতে পারবে না : প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, আমি আপনাদের কাছে একটা সাহায্য চাই। আমি যতটুকু জানি, বাংলাদেশে স্কাউটের ২ এর পাতায় দেখুন



একের পর এক কারিগরি ত্রুটি, নাশকতা বা ষড়যন্ত্র কি না ভাবতে হবে: রিজভী

কীর্তনখোলা ডেস্ক
দেশে একের পর এক সংকট ও কারিগরি ত্রুটির ঘটনা ঘটছে উল্লেখ করে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব অ্যাডভোকেট ২ এর পাতায় দেখুন



বাধ্য হয়ে জনগণের অধিকার আদায়ে রাজপথে নেমেছি: শফিকুর রহমান

কীর্তনখোলা ডেস্ক
বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, দেশের মানুষ ভালো নেই, দেশও ২ এর পাতায় দেখুন

হামের উপসর্গে আরও ৭ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক
দেশে নতুন করে হামের উপসর্গ নিয়ে আরও সাতজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর এখন পর্যন্ত নিশ্চিত হামে ২ এর পাতায় দেখুন

বোরকা পরে কৃষককে গলা ও হাত পায়ের রগ কেটে হত্যা

মুলাদী প্রতিনিধি
বরিশালের মেহেন্দীগঞ্জে কবির ব্যাপারী নামের এক কৃষককে হাত পায়ের রগ ও গলা কেটে হত্যা করেছে বোরকা পরা একদল দুর্বৃত্ত। শনিবার বিকেল পৌনে ৪টার দিকে উপজেলার কাজীরহাট থানার ভাসানচর ইউনিয়নের গাজীরহাট এলাকায় এ ঘটনা ঘটে। থানার ওসি মো. সিদ্দিকুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। নিহত কৃষক কবির ব্যাপারী (৫৫) মুলাদী উপজেলার কাজীরচর ইউনিয়নের দক্ষিণ বাহাদুরপুর গ্রামের হাসমত আলী ব্যাপারীর ছেলে। স্থানীয় লোকজন ও নিহতের স্বজনদের সঙ্গে কথা বলে জানা গেছে, শনিবার বিকেলে বাড়ি থেকে অটোরিকশায় করে গাজীরহাট বাজারের দিকে যাচ্ছিলেন কবির ব্যাপারী। বাজারের কাছাকাছি পৌঁছালে আগে থেকে ওত পেতে থাকা বোরকা পরা একদল দুর্বৃত্ত অটোরিকশাটির গতিরোধ করে। এরপর তাঁকে অটোরিকশা থেকে টেনেহিঁচড়ে নামিয়ে মারধর করা হয়। একপর্যায়ে দুর্বৃত্তরা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ও পিটিয়ে কবিরকে জখম করে এবং তাঁর হাত পায়ের রগ কেটে দেয়। পরে গলা কেটে মৃত্যু নিশ্চিত করে মরদেহ পাশের একটি ডোবায় ফেলে পালিয়ে যায়। কিছু সময় পর পথচারীরা রক্তাক্ত অবস্থায় মরদেহ পড়ে থাকতে দেখে নিহতের স্বজন ও পুলিশে খবর দেন। কাজীরচর ইউনিয়ন পরিষদের সদস্য আবু হানিফ সরদার ও নিহতের এক মামা বলেন, পূর্ববিরোধের জের ধরে বোরকা পরে একদল দুর্বৃত্ত কবির ব্যাপারীর ওপর হামলা চালিয়ে তাঁকে হত্যা করেছে। হামলার পর দুর্বৃত্তরা ঘটনাস্থলে বোরকা ফেলে রেখে যায়। ওসি মো. সিদ্দিকুর রহমান ২ এর পাতায় দেখুন

ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি ৫০ হাজার ছাড়ালো, মৃত্যু ১৪৩

কীর্তনখোলা ডেস্ক
দেশে এডিস মশাবাহিত ডেঙ্গু জ্বরে আক্রান্তের সংখ্যা বেড়েই চলেছে। একদিনে হাসপাতালে ভর্তি হয়েছেন আরও এক হাজার ৫৬ জন। এ নিয়ে চলতি বছর ভর্তি হলেন মোট ৫০ হাজার ২৭৬ জন। এছাড়া একদিনে মারা গেছেন আরও দুজন। এর ফলে এ বছর মোট ১৪৩ জনের মৃত্যু হলো। শনিবার (১২ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ডেঙ্গু-সংক্রান্ত ড্যাশবোর্ড থেকে এ তথ্য জানা গেছে। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, মারা যাওয়া দুজনই পুরুষ। তাদের মধ্যে একজন ছয় থেকে ১০ বছর বয়সী শিশু এবং অন্যজনের বয়স ৫৬ থেকে ৬০ বছরের মধ্যে। মোট মারা যাওয়া ব্যক্তিদের তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, ১৪৩ জনের মধ্যে নারী ৫১ দশমিক ৪ শতাংশ এবং পুরুষ ৪৮ দশমিক ৬ শতাংশ। মাসের হিসাব অনুযায়ী, জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে, মার্চ ২ এর পাতায় দেখুন

সাংবাদিক পুলক চ্যাটার্জিকে অশ্রুসিক্ত বিদায়

কীর্তনখোলা রিপোর্ট
সহকর্মীদের চোখের জল আর স্বজনদের কান্নায় শেষ বিদায় নিলেন বরিশালের জ্যেষ্ঠ সাংবাদিক পুলক চ্যাটার্জি। শনিবার (১২ সেপ্টেম্বর) দুপুর পৌনে ২টার দিকে নগরীর কাউনিয়ার মহাশ্মশানে তার অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন হয়। এর আগে সকাল ১১টার দিকে পুলক চ্যাটার্জির মরদেহ নেওয়া হয় বরিশাল প্রেস ক্লাবে। সেখানে তাকে শেষবারের মতো দেখতে ভিড় করেন সহকর্মী ও শুভাকাঙ্ক্ষীরা। মরদেহ প্রেস ক্লাবে পৌঁছানোর পর কান্নায় ভেঙে পড়েন অনেক সহকর্মী। এ সময় বরিশাল প্রেস ক্লাবের সভাপতি আমিনুল ইসলাম খসরু, সাধারণ সম্পাদক এস এম জাকির হোসেনসহ জ্যেষ্ঠ সাংবাদিকরা তার প্রতি শ্রদ্ধা জানান। শ্রদ্ধা নিবেদন করেন বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আকতার জাহান শিরীন। এর আগে শুক্রবার রাতে নগরীর প্যারারা রোডে দৈনিক সমকালের বরিশাল ব্যুরো অফিস থেকে পুলক চ্যাটার্জির (৫৭) মরদেহ উদ্ধার করে পুলিশ। পরে ময়নাতদন্ত শেষে দুপুরে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়। পুলক চ্যাটার্জি স্ত্রী ও এক কন্যাসন্তান রেখে গেছেন। দীর্ঘদিন দৈনিক সমকাল ও দৈনিক যুগান্তরে ব্যুরোপ্রধান হিসেবে দায়িত্ব পালন করেছেন তিনি। বরিশাল প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক এবং ন্যাশনাল ডেইলিজ ব্যুরো চিফ অ্যাসোসিয়েশনের সভাপতির দায়িত্বও পালন করেন এই সাংবাদিক। দৈনিক সমকালের বরিশাল অফিসপ্রধান সুমন চৌধুরী জানান, পুলক চ্যাটার্জি তাকে উদ্দেশ্য করে একটি চিঠি লিখে গেছেন। সেখানে সমকালে ২ এর পাতায় দেখুন

রবিউস সানি মাসের চাঁদ দেখা গেছে
ফাতেহা-ই-ইয়াজদাহম ২৩ সেপ্টেম্বর

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের আকাশে ১৪৪৮ হিজরি সনের পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা গেছে। ফলে আজ রোববার (১৩ সেপ্টেম্বর) থেকে রবিউস সানি মাস গণনা শুরু হবে। আগামী ২৩ সেপ্টেম্বর বুধবার পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম উদযাপিত হবে। শনিবার (১২ সেপ্টেম্বর) ইসলামিক ফাউন্ডেশনের জনসংযোগ কর্মকর্তা বিল্লাল বিন কাশেমের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, শনিবার সন্ধ্যায় বায়তুল মোকাররম জাতীয় মসজিদের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী কাজী শাহ মোফাজ্জাল হোসাইন কায়কোবাদ। ইসলামিক ২ এর পাতায় দেখুন

স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ
শেখ হাসিনা বিশ্বের সেরা অভিনেত্রী এবং গুমের নির্দেশদাতা

লালমোহন প্রতিনিধি
২০২৪ সালের জুলাই-আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে দেশ ছেড়ে পালিয়ে ভারতে আশ্রয় নেওয়া আওয়ামী লীগের সভানেত্রী শেখ হাসিনাকে 'বিশ্বসেরা অভিনেত্রী' তকমা দিয়েছেন জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ। শনিবার (১২ সেপ্টেম্বর) বেলা ১১টায় ভোলার লালমোহন উপজেলা নাগরিক সমাজের আয়োজনে বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি তকমা দেন। স্পিকার বলেন, 'সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছিলেন বিশ্বসেরা অভিনেত্রী। গুম হওয়া ব্যক্তিদের স্বজনদের ২ এর পাতায় দেখুন

জ্বালানি-সংকটে তিন মাসের সর্বনিম্নে অবস্থানে পুঁজিবাজার

কীর্তনখোলা ডেস্ক
দেশের জ্বালানি-সংকটের প্রভাব পড়েছে পুঁজিবাজারেও। গ্যাস ও বিদ্যুতের দীর্ঘস্থায়ী সংকটে শিল্পকারখানার উৎপাদন ব্যাহত হওয়া, উৎপাদন খরচ বেড়ে যাওয়া এবং কোম্পানিগুলোর মুনাফা কমে যাওয়ার আশঙ্কায় বিনিয়োগকারীদের মধ্যে উদ্বেগ বেড়েছে। এর প্রভাবে সপ্তাহজুড়ে (৬-১০ সেপ্টেম্বর) বড় ধরনের দরপতন হয়েছে দেশের প্রধান পুঁজিবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই)। বাজার বিশ্লেষণে দেখা গেছে, গত সপ্তাহের পাঁচ কার্যদিবসের মধ্যে চার দিনই সূচক কমেছে। ফলে সপ্তাহ শেষে ডিএসইর প্রধান সূচক ডিএসইএক্স ১৪৭ পয়েন্ট বা ২ দশমিক ৫৯ শতাংশ কমে ৫ হাজার ৫১৫ পয়েন্টে নেমেছে। এটি গত তিন মাসের মধ্যে সূচকটির সর্বনিম্ন অবস্থান। এর আগে গত ৮ জুন ডিএসইএক্স ৫ হাজার ৫০০ পয়েন্টের কাছাকাছি অবস্থানে ছিল। বাজারসংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, গ্যাস ও বিদ্যুতের ২ এর পাতায় দেখুন

ডেঙ্গুসহ মশাবাহীত অন্যান্য রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক পরিস্কার পরিচ্ছন্নতা অভিযানের ভার্চুয়াললি উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তার নির্দেশনায় বরিশাল সিটি প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন বাস্তবায়নে পরিস্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করেন-**কীর্তনখোলা**

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

ছাত্রদলের উদ্যোগে 'গণতন্ত্রমূলক আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা'

আজিজুল হাকিম সামি, বিএম কলেজ
"যুক্তির আলোয় করি সত্যের প্রতিষ্ঠা" এই স্লোগানকে সামনে রেখে বরিশালে উৎসবমুখর পরিবেশে গণতন্ত্রমূলক আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা-২০২৬ অনুষ্ঠিত হয়েছে। বরিশাল মহানগর ছাত্রদলের উদ্যোগে এবং বিএম কলেজ ছাত্রদলের সার্বিক সহযোগিতায় এই প্রতিযোগিতার ২ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় ৫ ইউপিতে প্রশাসকের দায়িত্ব পেলেন ৫ সরকারি কর্মকর্তা

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় ৫ ইউনিয়ন পরিষদে প্রশাসক নিয়োগের প্রশাসনিক অনুমোদন দিয়েছে স্থানীয় সরকার বিভাগ। এসকল ইউনিয়নে নিয়মিত কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তাতে প্রশাসক হিসেবে দ্বায়িত্ব দেয়া হয়েছে। উপজেলা ও পৌর প্রশাসক ২ এর পাতায় দেখুন

ব্রিকসে ঐতিহাসিক 'নয়াদিল্লি ঘোষণা' গৃহীত

কীর্তনখোলা ডেস্ক
ব্রিকস শীর্ষ সম্মেলনে সর্বসম্মতভাবে গৃহীত হয়েছে 'নয়াদিল্লি ঘোষণা'। এতে কোনো নির্দিষ্ট দেশের নাম উল্লেখ না করে বিশ্বের সব ধরনের 'আগ্রাসনের নিন্দা' জানানো হয়েছে। পাশাপাশি আন্তর্জাতিক বিরোধ ও সংঘাত নিরসনে সংলাপ ও কূটনৈতিক উদ্যোগকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানিয়েছেন জোটের নেতারা। শনিবার (১২ সেপ্টেম্বর) বিকেলে সম্মেলনের সভাপতি ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আনুষ্ঠানিকভাবে যৌথ ঘোষণাটি প্রকাশ ২ এর পাতায় দেখুন

অবৈধ স্থাপনা নির্মাণের চেষ্টা রুখে দিলেন এলাকাবাসী

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরের ২৭ নম্বর ওয়ার্ডের ডেফুলিয়ায় অনুমোদনবহির্ভূত স্থাপনা নির্মাণের চেষ্টা বন্ধ করে দিয়েছেন স্থানীয় বাসিন্দা ও সিটি করপোরেশনের কর্মকর্তারা। দুই দিন ধরে সেখানে সীমানাপ্রাচীর নির্মাণের কাজ চলছিল। স্থানীয় বাসিন্দাদের দাবি, ডেফুলিয়া মৌজার ওই জমি খাস। সেখানে স্থাপনা নির্মাণের কোনো সুযোগ নেই। তবে যিনি সীমানাপ্রাচীর নির্মাণ করছিলেন, সাবেক কাউন্সিলর নুরুল ইসলাম দাবি করেছেন, রাস্তার পাশের ২৫ শতাংশ জমি তাঁর। সেখানে স্টল নির্মাণের জন্য তিনি সীমানাপ্রাচীর দিচ্ছিলেন। জমিটি খাসজমি নয় বলেও দাবি করেন তিনি। স্থানীয়দের কাছে জায়গাটির বিশেষ গুরুত্ব হলো, ২০০৬ সালের ৬ সেপ্টেম্বর তৎকালীন প্রধানমন্ত্রী খালেদা জিয়া সেখানে পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্দেশ্যে ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন। একই স্থানে একটি নিমগাছও রোপণ করেন তিনি। পরে রাজনৈতিক পটপরিবর্তনের কারণে সেখানে বিশ্ববিদ্যালয়টি আর বাস্তবায়িত হয়নি। বর্তমানে সেই নিমগাছটি বেশ বড় হয়েছে। স্থানীয় বাসিন্দারা বলছেন, খালেদা জিয়ার ভিত্তিপ্রস্তর ও নিমগাছ-সংলগ্ন স্থানটি খাসজমির আওতাধীন। তাঁদের ২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

ডিজিটাল প্রতারণা

প্রযুক্তির উৎকর্ষের এই যুগে কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) ব্যবহার বেড়েই চলছে। চাকরির ক্ষেত্র থেকে শুরু করে ব্যবসা-বাণিজ্য, এমনকি দৈনন্দিন অনেক কাজই সহজ করে দিয়েছে এআই, একইভাবে সময়ও কমিয়ে দিয়েছে। সংগত কারণেই অনেকে এআইনির্ভর হয়ে পড়ছে। অন্যদিকে একটি চক্র এই উন্নত প্রযুক্তিকেই বানিয়েছে প্রতারণার হাতিয়ার। বাংলাদেশসহ বিশ্বের নানা দেশে প্রতারকরা এআই ব্যবহার করে সাধারণ মানুষকে ফাঁদে ফেলছে। প্রকাশিত খবরে জানা গেছে, কক্সবাজারে অন্তত ৩০০ সদস্যের চীনা প্রতারকচক্র বড় ধরনের ফাঁদ পেতেছিল। তাদের টার্গেটে ছিলেন চীন, দক্ষিণ কোরিয়া ও ভিয়েতনামের পুঁজিবাজারের ক্ষুদ্র বিনিয়োগকারীরা। শুধু তা-ই নয়, চক্রটির নজর বাংলাদেশের পুঁজিবাজারের দিকেও ছিল। স্বস্তির কথা হলো, পুলিশের চৌকস ভূমিকায় ওই চক্রের পরিকল্পনা ফাঁস হয়ে যায়। এরই মধ্যে কক্সবাজারে ওই চক্রের বিরুদ্ধে মামলাও করা হয়েছে। খবরে বলা হয়েছে, চীনা চক্রটি কক্সবাজারে হোটেল ভাড়া করে প্রতারণার জাল ছড়িয়েছিল। কক্সবাজারে রিসোর্টে চক্রটি ডিজিটাল আধুনিক ল্যাব স্থাপন করেছিল। তারা সামাজিক মাধ্যমে নানাভাবে আস্থা তৈরির কাজ করছিল। চক্রের পক্ষ থেকে বলা হতো, বিনিয়োগ করলে বিপুল মুনাফা পাওয়া যাবে। তাদের কথায় আস্থা রেখে বিনিয়োগ করলে একসময় সর্বস্ব নিঃশেষ হয়ে যেত। জানা গেছে, শুধু কক্সবাজার নয়, দেশের বিভিন্ন স্থানে ছড়িয়ে আছে চক্রটির নেটওয়ার্ক। পুলিশের তথ্য অনুযায়ী, এই প্রতারকচক্রের সঙ্গে সরাসরি জড়িত ৯৪ জন চীনা নাগরিকের সন্ধান পাওয়া গেছে। এ ছাড়া কক্সবাজার পুলিশ চক্রটির আরো অন্তত ২৯৫ জন চীনা নাগরিকের পাসপোর্ট নম্বর সংগ্রহ করেছে। একটি রিসোর্টে আন্তর্জাতিক ডিজিটাল প্রতারকচক্রের ঘাঁটির সন্ধান পেয়ে পুলিশ সদস্যরা সেখানে অভিযান চালিয়ে অন্তত পাঁচ সদস্যকে গ্রেপ্তার করতে সক্ষম হন। বিশেষজ্ঞরা বলছেন, প্রযুক্তি আমাদের যেমন সুবিধা দিচ্ছে, অন্য দিক বিবেচনায় নিলে ডিজিটাল দুনিয়ায় নিরাপত্তা নিয়েও উদ্বেগ তৈরি হচ্ছে। অনেকের একটি বড় সময় কাটে সামাজিক মাধ্যমে। আর প্রতারকরা সেখানেই ওত পেতে থাকে। মানুষের ব্যক্তিগত তথ্য হাতিয়ে নিয়ে জিম্মি করার ঘটনা হামেশাই ঘটছে। কিছুদিন আগে কালের কণ্ঠে প্রকাশিত খবরে বলা হয়েছে, অ্যাপসের মাধ্যমে ঋণ দেওয়ার প্রলোভন দেখিয়েও অনেকের সঙ্গে প্রতারণা করা হচ্ছে। এ ছাড়া সাম্প্রতিক সময়ে অনলাইনে জুয়া ব্যাপক মাত্রায় ছড়িয়ে পড়েছে। সাইবার অপরাধীদের একটি বড় অংশ অনলাইন প্রতারণায় সক্রিয়। জানা গেছে, জুয়ার ওয়েবসাইটগুলোর 'এমএফএস' অ্যাকাউন্টের মাধ্যমে প্রতিদিন হাজার কোটি টাকার বেশি লেনদেন হয়। এর বেশির ভাগ অর্থ আন্তর্জাতিক চক্রের মাধ্যমে বিদেশে পাচার হয়ে যায়। এটি ঠিক যে আমাদের দেশের মানুষের মধ্যে ডিজিটাল নিরাপত্তা নিয়ে সচেতনতা কম। পাসওয়ার্ড, পিন কোডের মতো সাধারণ বিষয়েও সুরক্ষাজ্ঞানও অনেকের নেই। এই সুযোগও নিয়ে থাকে প্রতারকচক্র। কাজেই ডিজিটাল প্রতারণা রোধে আইনের পাশাপাশি সাধারণ মানুষকেও সচেতন হতে হবে। আমরা মনে করি, কক্সবাজারে যে চীনা চক্রের সন্ধান পাওয়া গেছে, তাদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিতে হবে। এই চক্রের সঙ্গে কে বা কারা জড়িত, সেসবের আদ্যোপান্ত বের করতে হবে। একই সঙ্গে দেশে ডিজিটাল প্রতারকদের চিহ্নিত করতে প্রযুক্তির সহায়তা নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ জন্য পুলিশের সক্ষমতা আরো বাড়ানো প্রয়োজন।

হামের উপসর্গে আরও

১০০ জন এবং হামের উপসর্গ নিয়ে ৯১৯ জনের মৃত্যু হয়েছে। সব মিলিয়ে হামে ও এর উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১ হাজার ১৯ জনে। শনিবার (১২ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত হেলথ বুলেটিনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, শুক্রবার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ঢাকাতেই ৫ জন মারা গেছেন। এই সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে হামের উপসর্গ নিয়ে নতুন করে ৮৫৫ জন রোগী এসেছে। বিভাগভিত্তিক হিসাবে, গত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে ৩৭৭ জন, রাজশাহীতে ৫৫, সিলেটে ১২১, চট্টগ্রামে ২০০, বরিশালে ৬০, ময়মনসিংহে ৩৭, খুলনায় ৩১ এবং রংপুরে ৪ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছর ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশের বিভিন্ন হাসপাতালে হামের উপসর্গ নিয়ে মোট ১ লাখ ৫০ হাজার ২০২ জন রোগী ভর্তি হয়েছে। তাদের মধ্যে ১ লাখ ৪৪ হাজার ৪৬৫ জন চিকিৎসা নিয়ে হাসপাতাল ছেড়েছে। গত ১৫ মার্চ থেকে দেশে সন্দেহজনক হামের রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ৭০ হাজার ৬৩৮ জনে। এর মধ্যে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়েছেন ২০ হাজার ৬ জন।

বাধ্য হয়ে জনগণের

ভালো নেই। বিদ্যুৎ ও সারের সংকট চরমে পৌঁছেছে। মানুষ কষ্ট পাচ্ছে। আমরা জনগণের কষ্টের কথা জাতীয় সংসদে বলার চেষ্টা করছি। কিন্তু সরকার আমাদের কথা বলতে দিচ্ছে না। বাধ্য হয়ে জনগণের অধিকার আদায়ের জন্য আমরা রাজপথে নেমেছি। শনিবার (১২ সেপ্টেম্বর) সকালে বগুড়ার ধুনট উপজেলার মানিকপোটল (মরিচতলা) গ্রামের একটি স্থানীয় মাদরাসা মাঠে উপস্থিত মানুষের উদ্দেশে দেওয়া সংক্ষিপ্ত বক্তব্যে তিনি এসব কথা বলেন। এর আগে সকালে ডা. শফিকুর রহমান একই গ্রামের ইসলামী শিক্ষা আন্দোলনের প্রথম শহীদ হিসেবে পরিচিত আব্দুল মালেকের কবর জিয়ারত করেন। এ সময় তিনি কবরের পাশে দাঁড়িয়ে ফাতিহা পাঠ করেন এবং আব্দুল মালেকের শাহাদাত কবুলের জন্য মহান আল্লাহর কাছে দোয়া করেন। কবর জিয়ারত শেষে স্থানীয় মাদরাসায় আব্দুল মালেকের পরিবারের সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন জামায়াতে ইসলামীর আমির। ডা. শফিকুর রহমানের আগমন উপলক্ষে সকাল থেকেই মাদরাসা মাঠে বিপুলসংখ্যক মানুষ জড়ো হন। মানিকপোটল (মরিচতলা) গ্রামে পৌঁছালে স্থানীয় লোকজন তাকে উষ্ণ অভ্যর্থনা জানান। এ সময় তিনি হাত নেড়ে উপস্থিত মানুষের অভিবাদনের জবাব দেন। এ সময় জামায়াতে ইসলামীর নায়েবে আমির এটিএম আজহারুল ইসলাম, নির্বাহী পরিষদ সদস্য অধ্যক্ষ শাহাবুদ্দিন, ধুনট উপজেলা জামায়াতের আমির মাওলানা আমিনুল ইসলামসহ স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। এর আগে শুক্রবার রাতে বগুড়ায় পৌঁছে সার্কিট হাউসে রাত্রিযাপন করেন ডা. শফিকুর রহমান। শনিবার ভোর সোয়া ৫টার দিকে তিনি সার্কিট হাউস থেকে ধুনটের উদ্দেশে রওনা হন।

একের পর এক কারিগরি ত্রুটি

রুহুল কবির রিজভী বলেছেন, এসব ঘটনা নিছক দুর্ঘটনা, নাশকতা বা কোনো ষড়যন্ত্রের অংশ কি না, তা নিয়ে ভাবতে হবে। একই সঙ্গে সরকারের জনকল্যাণমূলক কর্মসূচি বাধাগ্রস্ত করতে কোনো চক্রান্ত হচ্ছে কি না, সেটিও খতিয়ে দেখা প্রয়োজন। শনিবার (১২ সেপ্টেম্বর) জাতীয় প্রেস ক্লাবের আবদুস সালাম হলে ১২ দলীয় জোটের উদ্যোগে আয়োজিত 'দেশের চলমান সংকট ও দেশপ্রেমিক শক্তির করণীয়' শীর্ষক আলোচনা সভায় তিনি একথা বলেন। রিজভী বলেন, বিরোধীদল সরকারের সমালোচনা করবে, সংসদে ও সংসদের বাইরে কথা বলবে এবং কর্মসূচিও দিতে পারবে। তবে অলীক বা অহেতুক কোনো বিষয় নিয়ে অতিরিক্ত হইচই করা সাধারণ মানুষ ভালোভাবে নেয় না। বাস্তবতার সঙ্গে সম্পর্ক রয়েছে–এমন বিষয় নিয়েই বিরোধীদলের কথা বলা উচিত। দেশের গ্যাস, জ্বালানি ও বিদ্যুৎ সংকট প্রসঙ্গে রিজভী বলেন, মাত্র ৬ মাসের সরকার এসব সংকটের জন্য দায়ী নয়। মধ্যপ্রাচ্যের যুদ্ধের কারণে হরমুজ প্রণালি দিয়ে জ্বালানি পরিবহনে বিঘ্ন ঘটছে। ফলে গ্যাস ও বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রয়োজনীয় জ্বালানি আমদানিও বাধাগ্রস্ত হচ্ছে। তিনি বলেন, মহেশখালীর গ্যাস টার্মিনালে কারিগরি ত্রুটি দেখা দেওয়ায় সেটি বন্ধ। সেটি ঠিক করার চেষ্টা চলছে এবং শিগগির স্বাভাবিক হবে বলে আশা করা হচ্ছে। অন্যদিকে ভারতের ঝাড়খণ্ডে আদানি পাওয়ারের বিদ্যুৎকেন্দ্রের একটি ইউনিট নষ্ট হওয়ায় সেখান থেকেও বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটছে। রিজভী বলেন, 'একর পর এক কারিগরি ত্রুটি হচ্ছে, কোথাও একটা ইউনিট বন্ধ হয়ে যাচ্ছে–এটা কেন হচ্ছে? মানুষের মনে প্রশ্ন দেখা দিয়েছে। এটা কি কোনো ঘটনা, কোনো রহস্য, নাশকতা বা ষড়যন্ত্র কি না–সেটিও ভাবতে হবে।' তিনি বলেন, সরকার বিদ্যুৎকেন্দ্রগুলোর পাওনা পরিশোধ করছে। ভারতের সঙ্গে বিদ্যুৎ-সংক্রান্ত চুক্তির আওতায় তাদের পাওনাও দেওয়া হচ্ছে। এরপরও কেন একের পর এক সমস্যা হচ্ছে, সেই প্রশ্ন মানুষের মনে তৈরি হওয়া স্বাভাবিক।

আমরা দেশকে পুনর্গঠন করতে

সংখ্যা প্রায় ২৩ লাখ। বিএনসিসির সদস্য সংখ্যা ২২ হাজার। দেশের শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সংখা প্রায় ৪ কোটি। এবার আপনার বলেন, আমরা এতোগুলো মানুষ যদি দেশকে পুনর্গঠন করতে চাই, কেউ কি ঠেকিয়ে রাখতে পারবে? পারবে না। শনিবার (১২ সেপ্টেম্বর) সকালে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। তিনি আরও বলেন, এখন আপনাদের দায়িত্ব নিতে হবে কীভাবে দেশকে গড়ে তুলবেন। দেশকে গড়ে তুলতে হবে, কারণ আমরা এখানে থাকব। একটা দেশের এত বড় তরুণ সমাজ যদি দেশকে পরিবর্তন করতে চায়, তাহলে করা সম্ভব উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, তরুণ সমাজ যে পরিবর্তন করতে পারে, সেটি তারা ২০২৪ সালের ৫ আগস্ট সারা বিশ্বকে দেখিয়েছে। পরিবর্তনের সূচনা তরুণ সমাজ এখান থেকে শুরু করেছেন। কাজেই আসেন, আগামী ৩ মাস ডেঙ্গুর সমস্যা সমাধান করার চেষ্টা করব। হয়তো আমরা শতভাগ পারব না, কিন্তু ৮০ ভাগ পারব। প্রধানমন্ত্রী বলেন, আমরা সবাই জানি, ডেঙ্গু যেসব কারণে হয়... ভাঙা-চোরা জিনিসপত্র বিভিন্ন জায়গায় পড়ে থাকে, বিভিন্ন মাটির ভাঙা জিনিস পড়ে থাকে সেখানে পানি জমে ডেঙ্গু এডিস মশা তৈরি হয়। কাজেই আমরা সবাই মিলে চেষ্টা করলে দেশের পরিবর্তন ঘটাতে পারব। এই মাঠে আজকে আমরা যতগুলো মানুষ উপস্থিত রয়েছি, বিভিন্ন জেলায় (অনলাইনে যুক্ত) যারা মাঠে উপস্থিত রয়েছেন, সবাই যদি টিস্যু ও পানি খেয়ে বোতল মাঠে ফেলে দিই, কেউ কি আমাদের কিছু বলবে? বলবে না। "কিন্তু আমাদের নিজেদের চোখে দেখতে কেমন লাগবে? যখন এই ময়লাগুলো জমা হয়ে বড় আকার হবে, সেখান থেকে রোগ-জীবাণু সৃষ্টি হবে। আপনি হয়তো ভাবতে পারেন তাতে আমার কী হবে, আমি তো দূরে থাকি। কিন্তু আপনার আপনজন কিংবা প্রিয়জন কেউ অসুস্থ হয়ে পড়বে। কাজেই আমরা নিজেকে ও পরিবারকে সুস্থ রাখি। নিজের সমাজকে সুস্থ রাখি। দেশকে সুস্থ রাখি।" প্রধানমন্ত্রী আরও বলেন, কাজটা খুব কঠিন না। আজকে হয়তো আপনাদের একটু কষ্ট হবে। প্রতি সপ্তাহে আমরা যদি ১ ঘণ্টা সময় দিই, নিজেদের বাসা কিংবা শিক্ষাপ্রতিষ্ঠান বা কর্মস্থল পরিষ্কার করতে, তাহলে অবশ্যই দ্রুততার সঙ্গে পরিবর্তন করতে সক্ষম হবো। তারেক রহমান বলেন, যারা ময়লা-আবর্জনা করবে, আসুন তাদের আমরা নিরুসাহিত করি, তাদের বলি–'যেখানে সেখানে ময়লা করবেন না'। প্রধানমন্ত্রী বলেন, ২০২৪ সালে তরুণ সমাজ দেখিয়ে দিয়েছে কীভাবে দেশকে পরিবর্তন করতে হয়। পরিবর্তন হয়েছে। তরুণ সমাজের কাছে আমার আহ্বান, আসুন এবার আমরা রাষ্ট্রকে, দেশকে পুনর্গঠন করি।

ফাতেহা-ই-ইয়াজদাহম

ফাউন্ডেশন জানায়, রবিউস সানি মাসের চাঁদ দেখা সম্পর্কে দেশের বিভিন্ন জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশনের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো) থেকে পাওয়া তথ্য পর্যালোচনা করে জাতীয় চাঁদ দেখা কমিটি এ সিদ্ধান্ত নেয়। সভায় ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক মুফতি মুহাম্মদ মুহিববুল্লাহিল বাকী নদভী, ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ এইচ এম কামরুজ্জামান, বাংলাদেশ টেলিভিশনের মুখ্য বার্তা সম্পাদক মো. কামরুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের দ্বীনি দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক ড. মোহাম্মদ হারুনুর রশীদসহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এ ছাড়া বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মো. মমিনুল ইসলাম, স্পারসোর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ শহিদুল ইসলাম, মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম সচিব মোহাম্মদ খোরশেদ আলম খান, ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব ছাদেক আহমদসহ জাতীয় চাঁদ দেখা কমিটির সদস্যরা সভায় উপস্থিত ছিলেন।

শেখ হাসিনা বিশ্বের সেরা অভিনেত্রী

গণভবনে ডেকে সান্ত্বনা দেওয়ার পাশাপাশি গুমের ঘটনায় তার সম্পৃক্ততা ছিল।' মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বলেন, 'গুম হওয়া স্বজনদের গণভবনে ডেকে তাদের স্ত্রী-সন্তানদের মাথায় হাত বুলিয়ে সান্ত্বনা দিতেন শেখ হাসিনা। তাদের আশ্বস্ত করতেন, গুম হওয়া ব্যক্তিদের ফিরিয়ে দেওয়া হবে। অথচ তার ভেতরেই গুমের সঙ্গে সম্পৃক্ত থাকার হিংস্র মনোভাব লুকিয়ে ছিল।' তিনি আরও বলেন, 'শেখ হাসিনা নিজেই জানতেন গুম হওয়া ব্যক্তিরা কোথায় আছেন। কিন্তু স্বজনদের সামনে তিনি এমনভাবে অভিনয় করতেন, যেন তাদের ফিরে পাওয়ার জন্য তিনি নিজেও উদ্বিগ্ন। জনগণ তখন বিষয়টি বুঝতে পারেনি। এখন সবকিছু পরিষ্কার হয়ে গেছে।' আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে গুমের ঘটনায় সাক্ষ্য-প্রমাণ উপস্থাপনের প্রসঙ্গ টেনে স্পিকার বলেন, 'গুম হওয়া ব্যক্তিদের স্বজনদের সাক্ষ্য ও প্রমাণের ভিত্তিতে এখন জনগণের কাছে অনেক কিছুই পরিষ্কার হয়েছে। শেখ হাসিনা বিশ্বের সেরা অভিনেত্রী এবং গুমের নির্দেশদাতা ছিলেন।' তিনি বলেন, 'একজন ব্যারিস্টারকে আট বছর হাতকড়া পরিয়ে আয়না ঘরে বন্দি করে রাখা হয়েছিল। তার সঙ্গে কতটা নির্মম ও জঘন্য আচরণ করা হয়েছে, তা কল্পনা করা যায় না। শেখ হাসিনা দেশ ছেড়ে পালিয়ে যাওয়ার পর তিনি মুক্ত হয়েছেন এবং এখন সংসদ সদস্য হয়েছেন।' বিগত সরকারের বিরুদ্ধে লুটপাট ও দুর্নীতির অভিযোগ তুলে মেজর (অব.) হাফিজ বলেন, 'রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পে একটি বালিশের দাম ৬০ হাজার টাকা এবং একটি পর্দার দাম ৪২ হাজার টাকা ধরা হয়েছিল।' তিনি আরও অভিযোগ করেন, 'তৎকালীন একজন ভূমি প্রতিমন্ত্রীর লন্ডনে ৩৬০টি বাড়ি রয়েছে। সরকারের ধারাবাহিক উন্নয়ন প্রকল্পগুলোর কাজ না করে অর্থ আত্মসাৎ করা হয়েছে।' লালমোহনের স্থানীয় রাজনীতি প্রসঙ্গে স্পিকার বলেন, 'বিগত সরকারের সময়ে এখানকার স্থানীয় এমপি ছিলেন একজন শীর্ষ সন্ত্রাসী ও খুনি। ২০১০ সালের উপনির্বাচনে ঢাকা থেকে সন্ত্রাসী এনে দিনদুপুরে আমার নেতাকর্মীদের রামদা দিয়ে কুপিয়ে আহত করা হয়। ভাঙচুর করা হয় বাড়িঘরও।' তিনি বলেন, 'আমার নির্বাচনি প্রধান সমন্বয়ক এবং ভোলা-৪ আসনের সাবেক এমপি নাজিম উদ্দিন আলমকে পিটিয়ে জখম করা হয়েছিল। আমি তাকে দেখতে হাসপাতালে গিয়েও প্রবেশ করতে পারিনি।' মতবিনিময় সভার শেষ পর্যায়ে নিজের নির্বাচনি এলাকার মানুষের কাছে ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি ও জাতীয় সংসদের স্পিকার হিসেবে দায়িত্ব পালনে তারা সন্তুষ্ট কি না, তা জানতে চান মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ। সংসদীয় পদ্ধতির আদলে উপস্থিত নেতাকর্মী ও সাধারণ মানুষের মতামত জানতে 'হ্যাঁ-না' ভোট নেওয়া হয়। ভোটে 'হ্যাঁ' জয়যুক্ত হলে উপস্থিত নেতাকর্মী ও সাধারণ মানুষের করতালির মধ্য দিয়ে মতবিনিময় সভার সমাপ্তি ঘোষণা করা হয়। সভায় উপজেলা বিএনপির সভাপতি জাফর ইকবালের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম বাবুলের সঞ্চালনায় স্থানীয় বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

জ্বালানি-সংকটে তিন মাসের

সংকটের কারণে বিভিন্ন শিল্পপ্রতিষ্ঠানের উৎপাদন ব্যাহত হচ্ছে। কোথাও কোথাও কারখানা সাময়িকভাবে বন্ধ রাখতে হচ্ছে, আবার কোনো কোনো প্রতিষ্ঠান উৎপাদন চালু রাখতে তুলনামূলক বেশি খরচের বিকল্প জ্বালানি ও বিদ্যুৎ ব্যবহার করছে। এতে উৎপাদন ব্যয় বাড়ার পাশাপাশি কারখানাগুলোর সক্ষমতার ব্যবহার কমে যাওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। এর প্রভাব পড়তে পারে তালিকাভুক্ত কোম্পানিগুলোর আয় ও মুনাফায়। একটি শীর্ষস্থানী ব্রোকারেজ হাউজের প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, জ্বালানি-সংকটের কারণে অনেক কারখানাকে উৎপাদন কমাতে হচ্ছে, কখনো কখনো কার্যক্রম বন্ধ রাখতে হচ্ছে। উৎপাদন চালু রাখতে বিকল্প জ্বালানি ব্যবহার করায় খরচও বাড়ছে। এ পরিস্থিতিতে তালিকাভুক্ত কোম্পানিগুলোর ভবিষ্যৎ আয় নিয়ে বিনিয়োগকারীদের মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে। এ অবস্থায় বিনিয়োগকারীরা শেয়ারে বিনিয়োগ কমিয়ে দেন। দীর্ঘস্থায়ী উৎপাদন ব্যাহত হওয়া, পরিচালন ব্যয় বেড়ে যাওয়া এবং কোম্পানির আয় কমে যাওয়ার আশঙ্কায় শেয়ার বিক্রির চাপ বাড়ে। এর সঙ্গে বাজার নিয়ে অনিশ্চয়তা, দুর্বল ক্রয়চাহিদা ও স্বল্পমেয়াদি বিনিয়োগ সমন্বয়ও দরপতনকে তীব্র করেছে। সপ্তাহের শুরুতেই বড় ধরনের দরপতনের মুখে পড়ে বাজার। গত রোববার (৬ সেপ্টেম্বর) ডিএসইএক্স এক দিনে ১০০ পয়েন্টের বেশি কমে যায়। শেয়ারবাজারের ব্রোকাররা ওই সময় আতঙ্কজনিত বিক্রির পাশাপাশি বাজারে বিভিন্ন ধরনের হস্তক্ষেপ নিয়ে উদ্বেগ এবং সামগ্রিক অর্থনৈতিক অনিশ্চয়তাকে দরপতনের কারণ হিসেবে উল্লেখ করেন। বাজারে বড় দরপতনের পর পরিস্থিতি নিয়ে মঙ্গলবার জরুরি বৈঠক করে ডিএসই ও ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ)। বৈঠকে বাজারের সাম্প্রতিক পতন এবং পরিস্থিতি মোকাবিলায় সম্ভাব্য করণীয় নিয়ে আলোচনা হয়। ডিবিএর সভাপতি সাইফুল ইসলাম বলেন, ব্রোকারেজ প্রতিষ্ঠানসহ বাজারসংশ্লিষ্ট বেশির ভাগ প্রতিষ্ঠানই বর্তমানে নানা ধরনের চ্যালেঞ্জের মধ্যে রয়েছে। বিনিয়োগকারীদের আস্থা ফিরিয়ে আনতে এবং বাজারের স্বাভাবিক কার্যক্রম নিশ্চিত করতে ডিএসই, নিয়ন্ত্রক সংস্থা ও সংশ্লিষ্ট সব পক্ষকে সমন্বিতভাবে কাজ করতে হবে। সাপ্তাহিক বাজার পর্যালোচনায় ইবিএল সিকিউরিটিজ বলেছে, চলমান জ্বালানি-সংকট, কোম্পানিগুলোর আয় নিয়ে দুর্বল প্রত্যাশা এবং বিনিয়োগকারীদের সতর্ক অবস্থান বাজারের ওপর চাপ তৈরি করেছে। শেয়ারের দাম কমে যাওয়ায় কিছু বিনিয়োগকারী তুলনামূলক আকর্ষণীয় দামে শেয়ার কেনার চেষ্টা করলেও বাজারের সামগ্রিক অনিশ্চয়তা সেই ক্রয়চাহিদাকে ছাড়িয়ে গেছে। ফলে পরবর্তী কার্যদিবসগুলোতেও নেতিবাচক ধারা অব্যাহত ছিল। তবে এর ব্যতিক্রম ছিল মিউচুয়াল ফান্ড খাত। সপ্তাহজুড়ে এ খাতে তুলনামূলক ভালো ক্রয়চাহিদা দেখা গেছে। বাজারের গতি দুর্বল থাকায় স্বল্পমেয়াদি মুনাফার আশায় কিছু বিনিয়োগকারী মিউচুয়াল ফান্ডের দিকে ঝুঁকেছেন বলে জানিয়েছে ইবিএল সিকিউরিটিজ। বাজারের প্রধান সূচকের পাশাপাশি ডিএসইর অন্যান্য সূচকও কমেছে। ডিএসইর প্রধান ৩০টি কোম্পানি নিয়ে গঠিত ডিএস৩০ সূচক ৪৫ পয়েন্ট কমে ২ হাজার ৯৫ পয়েন্টে নেমেছে। আর শরিয়াহভিত্তিক কোম্পানির সূচক ডিএসইএস ৩৩ পয়েন্ট কমে ১ হাজার ১০৫ পয়েন্টে দাঁড়িয়েছে। বড় মূলধনের কয়েকটি কোম্পানির শেয়ারের দর কমায় ডিএসইএক্সের পতনে উল্লেখযোগ্য প্রভাব পড়ে। এর মধ্যে স্কয়ার ফার্মাসিউটিক্যালস, আল-আরাফাহ ইসলামী ব্যাংক, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ, লাফার্জহোলসিম বাংলাদেশ ও ইস্টার্ন ব্যাংকের শেয়ারের দরপতন ডিএসইএক্সের পতনে ২৫ পয়েন্টের বেশি নেতিবাচক প্রভাব ফেলে। লেনদেনের দিক থেকেও বাজারে কিছুটা শ্লথ দেখা গেছে। সপ্তাহে ডিএসইতে মোট ২ হাজার ৭৭১ কোটি টাকার শেয়ার লেনদেন হয়েছে, যা আগের সপ্তাহে ছিল ৩ হাজার ৪৪ কোটি টাকা। ফলে দৈনিক গড় লেনদেন প্রায় ৯ শতাংশ কমে ৫৫৪ কোটি টাকায় নেমেছে। আগের সপ্তাহে দৈনিক গড় লেনদেন ছিল ৬০৯ কোটি টাকা। সপ্তাহের মোট লেনদেনে সবচেয়ে বেশি অবদান ছিল বস্ত্র খাতের। ডিএসইর মোট লেনদেনের ২৯ দশমিক ৫ শতাংশ এসেছে এ খাত থেকে। এরপর সাধারণ বিমা খাতের অবদান ১৪ দশমিক ২ শতাংশ এবং ওষুধ ও রসায়ন খাতের ১০ দশমিক ৪ শতাংশ। দরপতনের দিক থেকেও বাজারে ছিল ব্যাপক নেতিবাচক প্রবণতা। ডিএসইতে ৩১০টি কোম্পানি ও মিউচুয়াল ফান্ডের শেয়ারের দাম কমেছে। বিপরীতে দাম বেড়েছে মাত্র ৬০টির এবং অপরিবর্তিত ছিল ১৬টি। প্রায় সব খাতেই শেয়ারের দাম কমেছে। একমাত্র মিউচুয়াল ফান্ড খাতের সূচক ৩ দশমিক ৭ শতাংশ বেড়েছে। প্রধান খাতগুলোর মধ্যে সবচেয়ে বেশি ৪ শতাংশ কমেছে ব্যাংকবহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান (এনবিএফআই) খাতের সূচক। এ ছাড়া প্রকৌশল, বিদ্যুৎ ও জ্বালানি, ওষুধ ও রসায়ন, টেলিযোগাযোগ এবং ব্যাংক খাতেও বড় দরপতন হয়েছে। সপ্তাহে সবচেয়ে বেশি লেনদেন হয়েছে শার্প ইন্ডাস্ট্রিজের শেয়ারে। কোম্পানিটির ১১৭ কোটি টাকার শেয়ার লেনদেন হয়েছে। লেনদেনের পরিমাণের দিক থেকে এরপর ছিল এনভয় টেক্সটাইলস, মালেক স্পিনিং মিলস, সাইহাম কটন মিলস ও সাইহাম টেক্সটাইল। ঢাকার বাজারের পাশাপাশি চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জেও (সিএসই) সপ্তাহজুড়ে বড় দরপতন হয়েছে। সিএসইর সার্বিক মূল্যসূচক (সিএএসপিআই) ৩০৬ পয়েন্ট কমে ১৪ হাজার ৮৬৬ পয়েন্টে নেমেছে। আর নির্বাচিত কোম্পানির সূচক সিএসসিএক্স ১৯১ পয়েন্ট কমে ৯ হাজার ৭৩ পয়েন্টে দাঁড়িয়েছে।

ডেঙ্গু নিয়ে হাসপাতালে

ও এপ্রিলে শূন্য, মে মাসে এক ও জুনে ১৩ জন প্রাণ হারান। এরপর পরিস্থিতির অবনতি হতে থাকে। জুলাইয়ে ৩৬ এবং আগস্টে ৪৩ জন মারা যান। সেই তুলনায় চলতি মাসে অবস্থার আরও অবনতি হয়েছে। সেপ্টেম্বরে এখন পর্যন্ত প্রাণহানি হয়েছে ৪৬ জনের। এর মধ্যে একদিনে সর্বোচ্চ ৯ জন মারা যান ৮ সেপ্টেম্বর। ঢাকা বিভাগের ক্ষেত্রে দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) আওতাধীন হাসপাতালে ৪৮, উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) আওতাধীন হাসপাতালে ১৮ ও সিটি করপোরেশনের বাইরে আটজন প্রাণ হারিয়েছেন। সেই সঙ্গে খুলনায় ২৫, ময়মনসিংহে ১৪, বরিশালে ১২, চট্টগ্রামে ১০, রাজশাহীতে ছয় এবং রংপুর ও সিলেটে একজন করে মারা গেছেন। এ পর্যন্ত ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৫০ হাজার ২৭৬ জন। তাদের মধ্যে ছাড়পত্র পেয়েছেন ৪৬ হাজার ৬৯৯ জন। মাসভিত্তিক হিসাব মতে, গত আগস্টে ২০ হাজার ৫৩৬ জন ডেঙ্গু নিয়ে হাসপাতালে ভর্তি হন। সেপ্টেম্বরে এখন পর্যন্ত এই সংখ্যা ১৪ হাজার ৪৩০ জন। এর মধ্যে একদিনে সর্বোচ্চ এক হাজার ৫৭১ জন ভর্তি হন ৮ সেপ্টেম্বর। এর আগে জানুয়ারিতে এক হাজার ৮১, ফেব্রুয়ারিতে ৪০৯, মার্চে ৩৫৩, এপ্রিলে ৬৪০, মে মাসে ৭১৪ ও জুনে দুই হাজার ৯০৭ জন হাসপাতালে আসেন।

বোরকা পড়ে কৃষককে গলা

বলেন, মরদেহ উদ্ধার করে হাসপাতাল মর্গে পাঠানোর প্রক্রিয়া চলছে। এ ঘটনায় প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়া হচ্ছে। হত্যাকাণ্ডের কারণ এবং জড়িত ব্যক্তিদের শনাক্ত করতে পুলিশ তদন্ত শুরু করেছে।

ভাণ্ডারিয়ায় ৫ ইউপিতে প্রশাসকের

ইউএনও মো.হাসিবুল হাসান বিষয়টি নিশ্চিত করেছেন। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ইউপি–১ শাখা থেকে ৯ সেপ্টেম্বর এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়। স্থানীয় সরকার বিভাগের উপসচিব মো. আব্দুর রহমান স্বাক্ষরিত প্রজ্ঞাপন সূত্রে জানা গেছে, উপজেলার ১নম্বর ভিটাবাড়িয়া ইউনিয়নে উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মো. ইমরান হোসেন,২নম্বর নদমূলা শিয়ালকাঠী ইউনিয়নে উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ সুদেব সরকার,৩নম্বর তেলিখালী ইউনিয়নে উপজেলা জনস্বাস্থ্য বিভাগের সহকারী প্রকৌশলী মো. রুস্তম আলী,৫নম্বর ধাওয়া ইউনিয়ন পরিষদে উপজেলা কৃষিকর্মকর্তা মো. নজরুল ইসলাম এবং ৭নম্বর গৌরীপুর ইউনিয়নে উপজেজলা সমবায় কর্মকর্তা মো. মঈনুল হাসান দ্বায়িত্ব পেয়েছেন। এদিকে উপজেলার বাকি অপর একটি ৪নম্বর ইকড়ি ইউনিয়নে আগে থেকেই উপজেলা সহকারী কমিশনার (ভূমি)উজ্জ্বল হালদার দ্বায়িত্বে রয়েছেন।

ছাত্রদলের উদ্যোগে 'গণতন্ত্রমূলক

আয়োজন করা হয়। অনুষ্ঠানটি সফলভাবে বাস্তবায়ন করে বিএম কলেজ ডিবেটিং ক্লাব। শনিবার (১২ সেপ্টেম্বর) সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মো: তাজুল ইসলাম। প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বরিশাল মহানগর ছাত্রদলের আহ্বায়ক এনামুল হাসান তাসনিম। বিএম কলেজ ছাত্রদলের সভাপতি রাকিবুল ইসলাম জুবায়েরের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের সম্মানিত অতিথি আবু তাহের মো: রাশেদুল ইসলাম। বিতর্ক প্রতিযোগিতার অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন বিএম কলেজ ডিবেটিং ক্লাবের সভাপতি মো. তুহিন এবং আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক আজিজুল ইসলাম সাগর। দিনব্যাপী এই প্রতিযোগিতায় বরিশাল অঞ্চলের সেরা ৪টি শিক্ষা প্রতিষ্ঠানের মোট ৮টি দল অংশ নেয়। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো হলো– বরিশাল বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা মেডিকেল কলেজ, বিএম কলেজ ও বরিশাল টেক্সটাইল কলেজ। যুক্তির লড়াই শেষে মোট ৮টি দলের মধ্য থেকে শ্রেষ্ঠত্বের দৌড়ে ফাইনালের লড়াইয়ে জয়ী হয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয় (টিম-১) এবং বিএম কলেজ ডিবেটিং ক্লাব (বিএমসিডিসি)। শীঘ্রই জমকালো আয়োজনের মধ্য দিয়ে প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। অনুষ্ঠানের উদ্বোধন বক্তব্যে বরিশাল মহানগর ছাত্রদলের আহ্বায়ক মোঃ এনামুল হাসান তাসনিম বলেন, "শিক্ষার্থীদের কল্যাণ ও মেধা বিকাশে তারা সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ এবং ভবিষ্যতে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানেও এমন সহ-শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখবেন।" প্রধান অতিথির বক্তব্যে অধ্যক্ষ প্রফেসর ড. শেখ মোঃ তাজুল ইসলাম বলেন, "আজকের আয়োজনের মূল প্রতিপাদ্য বিষয়টি খুবই যুগোপযোগী। গণতন্ত্র উত্তরণের জন্য রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায় থেকে শুরু করে শিক্ষাঙ্গনের প্রতিটি ক্ষেত্রে সঠিক গণতন্ত্র চর্চা প্রয়োজন। এমন ব্যতিক্রমী উদ্যোগের মধ্য দিয়েই একদিন দেশে প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে বলে আমি বিশ্বাস করি।" প্রতিযোগিতায় অংশ নিয়ে নিজের অনুভূতি প্রকাশ করতে গিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগের শিক্ষার্থী ইশরাক আহমেদ বলেন, "বিএম কলেজের সুন্দর প্রাকৃতিক পরিবেশ এবং চমৎকার আয়োজন আমাকে মুগ্ধ করেছে। ভবিষ্যতে এ ধরনের আয়োজন হলে আমি আবারও অংশগ্রগণ করতে ইচ্ছুক।"

ব্রিকসে ঐতিহাসিক 'নয়াদিল্লি

করেন। ব্রিকসের যৌথ ঘোষণায় বলা হয়েছে, আন্তর্জাতিক শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করতে সামরিক সংঘাতের পরিবর্তে কূটনৈতিক উপায়ে বিরোধ মীমাংসার উদ্যোগ নিতে হবে। একতরফা সামরিক পদক্ষেপেরও বিরোধিতা করা হয়েছে ঘোষণায়। মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক উত্তেজনা নিয়ে ঘোষণার ভাষা চূড়ান্ত করতে সদস্য দেশগুলোর মধ্যে মতপার্থক্য তৈরি হয়েছিল বলে জানিয়েছে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি ও বার্তা সংস্থা রয়টার্স। বিশেষ করে ইরান ও সংযুক্ত আরব আমিরাতের অবস্থানের পার্থক্যের কারণে যৌথ অবস্থান নির্ধারণ নিয়ে অনিশ্চয়তা দেখা দেয়। তবে কয়েক দিনের ধারাবাহিক কূটনৈতিক আলোচনার পর শেষ পর্যন্ত অভিন্ন ভাষায় সম্মত হয় দুই দেশ। এর ফলে সম্মেলনে ঐকমত্যের ভিত্তিতে যৌথ ঘোষণা গ্রহণ সম্ভব হয়। এর আগে মে মাসে নয়াদিল্লিতে অনুষ্ঠিত ব্রিকস পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠকে বিভিন্ন ইস্যুতে মতপার্থক্যের কারণে কোনো যৌথ বিবৃতি প্রকাশ করা সম্ভব হয়নি। সেই পরিস্থিতির পর এবারের শীর্ষ সম্মেলনে সদস্য দেশগুলোকে একটি অভিন্ন অবস্থানে নিয়ে আসাকে ভারতের কূটনৈতিক সাফল্য হিসেবে দেখা হচ্ছে। নয়াদিল্লি ঘোষণায় জাতিসংঘ নিরাপত্তা পরিষদসহ বৈশ্বিক বহুপক্ষীয় প্রতিষ্ঠানগুলোর কাঠামোগত সংস্কারের প্রয়োজনীয়তার কথা তুলে ধরা হয়েছে। বিশ্বব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) ও বিশ্ব বাণিজ্য সংস্থার (ডব্লিউটিও) মতো আন্তর্জাতিক প্রতিষ্ঠানে উন্নয়নশীল দেশগুলোর প্রতিনিধিত্ব ও প্রভাব বাড়ানোর পক্ষেও অবস্থান নিয়েছেন নেতারা। জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য চীন ও রাশিয়া পরিষদে আরও বড় ভূমিকা পালনের জন্য ব্রাজিল ও ভারতের দীর্ঘদিনের আকাঙ্ক্ষার প্রতি সমর্থন পুনর্ব্যক্ত করেছে। ঘোষণায় বহুপক্ষীয় আন্তর্জাতিক ব্যবস্থা আরও প্রতিনিধিত্বশীল, কার্যকর ও ন্যায্য করার ওপর গুরুত্ব দেওয়া হয়। যেকোনো ধরনের সন্ত্রাসবাদের তীব্র নিন্দা জানিয়েছে ব্রিকস। একই সঙ্গে আন্তর্জাতিক নিরাপত্তা ও স্থিতিশীলতার জন্য সন্ত্রাসবাদ মোকাবিলায় সদস্য দেশগুলোর মধ্যে সহযোগিতা জোরদারের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। মধ্যপ্রাচ্যের চলমান সংঘাতের প্রেক্ষাপটে জ্বালানি সরবরাহের নিরাপত্তা, আন্তর্জাতিক সমুদ্রপথে বাণিজ্য নির্বিঘ্ন রাখা এবং নাবিকদের নিরাপত্তা নিশ্চিত করার বিষয়টিও গুরুত্ব পেয়েছে যৌথ ঘোষণায়। ব্রিকস দেশগুলোর মধ্যে বাণিজ্য সম্প্রসারণের পাশাপাশি শুল্ক ও বাণিজ্যিক প্রতিবন্ধকতা কমানোর প্রয়োজনীয়তার কথাও বলা হয়েছে ঘোষণায়। বৈশ্বিক অর্থনীতিতে জোটটির ভূমিকা আরও শক্তিশালী করার বিষয়ে নেতারা নিজেদের অবস্থান তুলে ধরেছেন। এবারের সম্মেলনে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, চীনের প্রেসিডেন্ট সি চিন পিং, ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান, দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট সিরিল রামাফোসা এবং সংযুক্ত আরব আমিরাতের আবুধাবির ক্রাউন প্রিন্স শেখ খালেদ বিন মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানসহ ব্রিকসের শীর্ষ নেতারা অংশ নেন। বর্তমানে বিশ্বের মোট জনসংখ্যার ৪০ শতাংশের বেশি ব্রিকস সদস্য দেশগুলোতে বসবাস করে। বৈশ্বিক অর্থনীতিতেও জোটটির অংশ প্রায় এক-চতুর্থাংশ। ফলে আন্তর্জাতিক রাজনীতি ও অর্থনীতিতে ব্রিকসের যৌথ অবস্থান ক্রমেই গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।

অবৈধ স্থাপনা নির্মাণের চেষ্টা

অভিযোগ, ওই স্মৃতিবিজড়িত স্থান থেকে মাত্র ১৫-২০ ফুটের মধ্যে সীমানাপ্রাচীর নির্মাণের চেষ্টা করা হচ্ছিল। শুক্রবার দুপুরে ঘটনাস্থলে গিয়ে দেখা যায়, প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তরটি অনেক আগেই ভেঙে ফেলা হয়েছে। তবে নিমগাছটি রয়েছে। এর পাশেই বড় বড় গর্ত করে সীমানাপ্রাচীর নির্মাণের প্রস্তুতি নেওয়া হয়েছে। মাঠের মধ্যে ইট ও বালুর স্তূপও দেখা যায়। স্থানীয় বাসিন্দা সাইফুল ইসলাম লিটু বলেন, নগরের ২৭ নম্বর ওয়ার্ডের সোনা মিয়ার পুল বাজারের পেছনে নাসির মডেল টাউনসংলগ্ন ডেফুলিয়া মৌজায় প্রায় ১৭ একর খাসজমি রয়েছে। ওই জমির একটি অংশে স্থাপনা নির্মাণের চেষ্টা করা হচ্ছিল। শুক্রবার বিষয়টি জানতে পেরে স্থানীয় বাসিন্দারা ঘটনাস্থলে গিয়ে কাজ বন্ধ করে দেন। ২৭ নম্বর ওয়ার্ড বিএনপির সাবেক আহ্বায়ক মো. নাসির উদ্দিন বলেন, ওই এলাকায় ২০ থেকে ২৫ শতাংশ জমিতে স্টল নির্মাণের চেষ্টা করা হচ্ছিল। সেখানে থাকা নিমগাছটিও এতে ক্ষতিগ্রস্ত হতে পারে। তাঁরা ওই স্থানে সীমানাপ্রাচীর নির্মাণ করতে দেবেন না। বরিশাল সিটি করপোরেশনের প্রশাসনিক কর্মকর্তা স্বপন কুমার দাস বলেন, তাঁরা ঘটনাস্থলে গিয়ে দেখেছেন, পরিকল্পনা বা অনুমোদনের বাইরে স্থাপনা নির্মাণের কাজ চলছিল। স্থানীয় বাসিন্দারা জমিটি খাস বলে জানিয়েছেন। এ নিয়ে সেখানে উত্তেজনাও তৈরি হয়েছিল। এ কারণে কাজ বন্ধ করে সংশ্লিষ্ট ব্যক্তিকে জমির কাগজপত্র দেখাতে বলা হয়েছে। তিনি আরও বলেন, বরিশাল সিটি করপোরেশনের প্রস্তাবিত ২০টি খেলার মাঠের মধ্যে ডেফুলিয়াতেও একটি মাঠ করার পরিকল্পনা রয়েছে। সম্প্রতি বিসিসির প্রশাসক বিলকিস জাহান শিরীন ডেফুলিয়ায় গিয়ে খালেদা জিয়ার স্মৃতিবিজড়িত ওই স্থান পরিদর্শন করেন। সেখানে একটি খেলার মাঠ ও আধুনিক হাসপাতাল করার প্রস্তাব দেন তিনি। এ বিষয়ে বিলকিস জাহান শিরীন বলেন, ডেফুলিয়ায় স্থাপনা নির্মাণ নিয়ে অভিযোগ পাওয়ার পর সংশ্লিষ্ট শাখার কর্মকর্তারা ঘটনাস্থলে গিয়েছিলেন। আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। অন্যদিকে সাবেক কাউন্সিলর নুরুল ইসলাম বলেন, তাঁর জমি খাস নয়। সিটি করপোরেশনের কর্মীদের নির্দেশে তিনি আপাতত কাজ বন্ধ রেখেছেন।

সাংবাদিক পুলক চ্যাটার্জিকে

পাওনা টাকা আদায় করে তার স্ত্রীর হাতে দেওয়ার অনুরোধ করা হয়েছে। বিষয়টি অফিস কর্তৃপক্ষকে জানানো হয়েছে। বিসিসি প্রশাসক বিলকিস আকতার জাহান শিরীন বলেন, আমি ছাত্ররাজনীতি থেকে সাংবাদিক পুলক চ্যাটার্জিকে চিনি। তিনি একজন সৎ, নিষ্ঠাবান ও কর্মপরায়ণ সাংবাদিক ছিলেন। তার ভেতরে এতটা চাপা কষ্ট ছিল, তা আমরা কেউই বুঝিনি। তার পরিবারের পাশে দাঁড়াতে সবার প্রতি আহ্বান জানান তিনি। বরিশাল কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুনুল ইসলাম বলেন, পুলক চ্যাটার্জির ময়নাতদন্ত সম্পন্ন করে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। বিষয়টি নিয়ে তদন্ত করা হচ্ছে। ময়নাতদন্তের রিপোর্ট পেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে। প্রসঙ্গত, মৃত্যুর আগে পুলক চ্যাটার্জি তার স্ত্রী ও মেয়ে, ছোট ভাই দীপক চ্যাটার্জি, বরিশাল প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এসএম জাকির হোসেন, দৈনিক সমকালের বরিশাল ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত সুমন চৌধুরী এবং প্রশাসনের উদ্দেশ্যে পৃথক পাঁচটি চিরকুট লিখে গেছেন। প্রশাসনের উদ্দেশ্যে লেখা চিরকুটে নিজের মৃত্যুর জন্য কাউকে দায়ী না করার কথা উল্লেখ করেছেন পুলক। দীর্ঘদিনের শারীরিক অসুস্থতা ও চিকিৎসার নানা চেষ্টার কথাও সেখানে উল্লেখ রয়েছে। পাশাপাশি মরদেহ নিয়ে যেন পরিবারের সদস্যদের কোনো ধরনের হয়রানির শিকার হতে না হয়, সে অনুরোধও করেছেন তিনি। স্ত্রী প্রিয়াংকা ও মেয়ে প্রকৃতির উদ্দেশ্যে লেখা চিরকুটে ক্ষমা চাওয়ার পাশাপাশি মেয়ের পড়াশোনা ও গান শেখা চালিয়ে যাওয়ার কথা বলেছেন। ছোট ভাই দীপককে স্ত্রী ও মেয়ের পাশে থাকার অনুরোধও করেছেন তিনি। দৈনিক সমকালের বরিশাল ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত সুমন চৌধুরীর উদ্দেশ্যে লেখা চিরকুটে একসঙ্গে দীর্ঘদিন কাজ করার স্মৃতির কথা উল্লেখ করেন পুলক। কোনো কারণে কষ্ট দিয়ে থাকলে ক্ষমা চেয়ে সমকালে তার পাওনা টাকা আদায়ের বিষয়টিও দেখার অনুরোধ করেন তিনি।

হারিয়েছে

আমার এস.এস.সি পরীক্ষার মূল নম্বরপত্র হারিয়েছে। যাহার রেজিঃ নং- ২০১৫১৭৩০০৯, রোল নং- ৪০৫৮৩২, সেশন- ২০২১-২০২২। কাউখালী থানার জিডি নং- ৫৫৭,তারিখঃ ১৬/০৫/২০২৬।

অভিজিৎ আচার্য্য
মোবাইল-০১৭৪৫৮৭৮৭৩৬

আগৈলঝাড়ায় ডেঙ্গু প্রতিরোধ

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদার বলেন, ডেঙ্গু প্রতিরোধে সচেতনতার কোনো বিকল্প নেই। শুধু প্রশাসনের উদ্যোগ নয়, নিজ নিজ বাসাবাড়ি ও চারপাশ পরিষ্কার রাখার দায়িত্ব আমাদের সবার। মশার লার্ভা জমে থাকার মতো স্থানগুলো চিহ্নিত করে নিয়মিত পরিষ্কার করতে হবে। তিনি ডেঙ্গুমুক্ত উপজেলা গড়তে সর্বস্তরের জনগণকে একসঙ্গে কাজ করার আহবান জানান। উদ্বোধন শেষে উপজেলা চত্বর ও আশেপাশের এলাকায় বিশেষ পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা হয় এবং সাধারণ মানুষের মাঝে ডেঙ্গু সম্পর্কে সচেতন করা হয়। উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপি'র ভারপ্রাপ্ত আহবায়ক শিকদার হাফিজুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কর্মকর্তা ডা. গোলাম মোর্শেদ সজিব, অনুষ্ঠানে উপজেলা কৃষি কর্মকর্তা সুনীতি কুমার সাহা, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মানিক মল্লিক, বীর মুক্তিযোদ্ধা সেকেন্দার আলী মৃধা, ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) মো. ছিদ্দিকুর রহমান, উপজেলা বিএনপির যুগ্ম আহবায়ক শাহ মো. বখতিয়ার, আবুল হোসেন মোল্লা আগৈলঝাড়া প্রেসক্লাব সভাপতি শামিমুল ইসলাম শামীম , আইসিটি কর্মকর্তা মাইনুদ্দিন রাসেল, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মো. সিরাজুল ইসলাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এইচ এম শাহাদাত, উপজেলা সমবায় কর্মকর্তা আবদুস সালাম, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী আবুল কালাম আজাদ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. সজল দাস, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রফিকুল ইসলাম সরদার, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সবুজ মিয়া, উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল মন্নান মিয়া, উপজেলা খাদ্য পরিদর্শক আবু বকর সিদ্দিক, উপজেলা কলেজ শিক্ষক সমিতির সভাপতি মো. রাসেল ফিরোজ, উপজেলা পূজা উদযাপন পরিষদের সদস্য সচিব দীনেশ চন্দ্র হালদার, প্রেসক্লাবের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক জাহিদুল ইসলামসহ প্রশাসনের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক, ছাত্র-ছাত্রী ও সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

ঢাকা-বরিশাল মহাসড়ক যেন আতঙ্কের

তার স্ত্রী মনিরা বেগম ও তাদের শিশুকন্যা জান্নাত নিহত হন। এ ছাড়া ১৩ জুন গৌরনদীর আশোকাঠী এলাকায় বাসের ধাক্কায় আইসক্রিম বিক্রেতা বাবু লাল বিশ্বাস এবং ২৩ জুন খাঞ্জাপুরের বটতলা-কাপালিকান্দি এলাকায় বাসের চাপায় কুয়েতপ্রবাসী সোহেল ফকির নিহত হন। সরেজমিনে দেখা যায়, মাসের পর মাস দুর্ঘটনা ঘটলেও সমস্যার স্থায়ী সমাধান হচ্ছে না। সড়কের বিভিন্ন অংশে খানাখন্দ, ভাঙাচোরা পিচ, সরু পথ, তীব্র যানবাহনের চাপ, ঝুঁকিপূর্ণ বাঁক, যত্রতত্র বাজার ও অনিয়ন্ত্রিত ধীরগতির যানবাহনের চলাচল এই ঝুঁকি আরও বাড়িয়ে দিচ্ছে। গত আগস্টে টানা বর্ষণে গৌরনদী অংশের বিভিন্ন স্থানে নতুন করে অসংখ্য খানাখন্দ সৃষ্টি হয়েছে। শুধু সড়কের বেহাল দশাই নয়, বড় সংকট এর অপ্রশস্ততা। পদ্মা সেতু চালুর পর ঢাকা ও দক্ষিণাঞ্চলের মধ্যে যানবাহন চলাচল কয়েক গুণ বেড়েছে। কিন্তু ভাঙ্গা থেকে কুয়াকাটা পর্যন্ত দীর্ঘ মহাসড়কের বড় অংশ এখনো দুই লেনের সরু সড়ক হিসেবেই রয়ে গেছে। সরু মহাসড়ক অতিরিক্ত যানবাহনের চাপ সামলাতে না পারায় প্রতিনিয়ত যানজট ও দুর্ঘটনা বাড়ছে। এ অবস্থায় দীর্ঘদিন ধরে ভাঙ্গা থেকে কুয়াকাটা পর্যন্ত মহাসড়ক ৬ লেনে উন্নীত করার দাবি জানিয়ে আসছেন দক্ষিণাঞ্চলের মানুষ। চলতি বছরের ২৬ জুন গৌরনদীতে ভুরঘাটা থেকে ইল্লা বাসস্ট্যান্ড পর্যন্ত প্রায় তিন কিলোমিটার এলাকাজুড়ে ৬ লেনের দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। বিশেষজ্ঞদের মতে, দুর্ঘটনা রোধে মহাসড়কের ঝুঁকিপূর্ণ অংশগুলো দ্রুত চিহ্নিত করে খানাখন্দ স্থায়ীভাবে মেরামত, বাঁক সোজা করা, অবৈধ দখল উচ্ছেদ এবং চালকদের বেপরোয়া গতি বন্ধে কঠোর আইন প্রয়োগ জরুরি। এর পাশাপাশি ভাঙ্গা-বরিশাল-কুয়াকাটা মহাসড়ক দ্রুত ৬ লেনে উন্নীত করার কার্যকর উদ্যোগ নেওয়া প্রয়োজন।

নদীতে ইলিশের টান, সামনের নিষেধাজ্ঞার

মৌসুম হিসেবে নিষেধাজ্ঞার সময় নির্ধারণ করে তা কী দেখে করে। এই নিষেধাজ্ঞার সময় আরো এক মাস পরে নির্ধারণ করা দরকার। তানা হলে ইলিশ শিকারে নিষেধাজ্ঞার যত আয়োজন তা কোনো কাজেই আসবে না। তার মতো একই দাবি জেলার হিজলা উপজেলার জেলে জালাল উদ্দিনের। তিনি বলেন, নদীতে এখনো ইলিশের চাপ কম, ডিমওয়ালা ইলিশের দেখা কম, আরও কয়েক দিন সময় দিলে ভালো ফল পাওয়া যাবে। নিষেধাজ্ঞার ২২ দিন যদি ইলিশের প্রকৃত প্রজনন সময়ের সঙ্গে পুরোপুরি না মেলে, তাহলে এর সুফল পাওয়া যাবে না। তাই সরকারের উচিত বিষয়টি পুনঃবিবেচনা করে দেখার। একই দাবি জানিয়েছেন বরিশালের কীর্তনখোলা নদীতে মাছ ধরে জীবিকা নির্বাহ করা জেলে খোরশেদ আলম। তিনি বলেন, 'গত কয়েক বছর ধরে দেখে আসছি সরকারের দেওয়া নিষেধাজ্ঞার পর প্রচুর পরিমাণে ডিমওয়ালা ইলিশ ধরা পড়ে। যদি নিষেধাজ্ঞার পরও ইলিশের পেটে ডিম থাকে তাহলে ইলিশের প্রজনন মৌসুম কী দেখে নির্ধারণ করা হয়। শুধু ক্যালেন্ডারের পাতা দেখে সময় নির্ধারণ করলে হবে না। নদীর বাস্তব চিত্র দেখে নিষেধাজ্ঞার সময় নির্ধারণ করতে হবে।' জেলেদের দাবি, নদীতে এখনো ইলিশের আশানুরূপ দেখা মিলছে না। কারও জালে ধরা পড়ছে অল্পসংখ্যক ইলিশ, আবার কারও জাল ফিরছে প্রায় খালি। এর মধ্যেই আগামী ৪ অক্টোবর থেকে মা ইলিশ সংরক্ষণে ২২ দিনের নিষেধাজ্ঞা শুরু হওয়ার কথা। তাই শুধু ক্যালেন্ডারের নির্দিষ্ট তারিখ ধরে নয়, নদীর পানির অবস্থা, ইলিশের গতিবিধি এবং ডিম ছাড়ার প্রকৃত সময় বিবেচনায় নিয়ে নিষেধাজ্ঞা নির্ধারণ করা প্রয়োজন। জেলেরা বলছেন, নিষেধাজ্ঞার উদ্দেশ্য নিয়ে তাদের কোনো আপত্তি নেই। মা ইলিশ রক্ষা করা গেলে ভবিষ্যতে নদীতে ইলিশের উৎপাদন বাড়বে এটা তারাও বোঝেন। কিন্তু নিষেধাজ্ঞার ২২ দিন যদি ইলিশের প্রকৃত প্রজনন সময়ের সঙ্গে পুরোপুরি না মেলে, তাহলে এর সুফল কতটা পাওয়া যাবে? জেলেদের সঙ্গে কথা বলে জানা গেছে, বছরের অন্য সময়ের তুলনায় এই সময় তাদের কাছে আয়ের জন্য গুরুত্বপূর্ণ। এখনই নিষেধাজ্ঞা শুরু হলে সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়টুকু মাছ ধরার সুযোগ থেকে বঞ্চিত হবেন তারা। নিষেধাজ্ঞা শুরু হলে নৌকা, জাল ও মাছ ধরার সঙ্গে যুক্ত শ্রমিকদেরও ঘরে বসে থাকতে হবে। তাই নিষেধাজ্ঞার সময় আরও কয়েক দিন পিছিয়ে দেওয়ার দাবি জানিয়েছেন তারা। জেলার হিজলা উপজেলার মাছ ব্যবসায়ী ও দাদনদাতা মো. আব্দুল কাদের বলেন, ইলিশের প্রজনন মৌসুমের উপযুক্ত সময় নির্ধারণ নিয়ে সরকারের কাজ করা দরকার। দীর্ঘ কয়েক বছর ধরেই এই অক্টোবর মাসে নিষেধাজ্ঞা দেওয়া হয়, কিন্তু অক্টোবর শেষেও ইলিশের পেটে ডিম থাকে। তাই প্রজনন মৌসুমের উপযুক্ত সময় আরও কিছুদিন পিছিয়ে দিলে এর সুফল সবাই ভোগ করতে পারবে। এ ব্যবসায়ী আরও বলেন, নিষেধাজ্ঞার সময় সরকারিভাবে সহায়তা দেওয়া হলেও তা জেলেদের প্রয়োজনের তুলনায় কম। ফলে নিষেধাজ্ঞার দিনগুলোতে সংসার চালানো, নৌকার খরচ, জাল মেরামত কিংবা ধারদেনা পরিশোধ নিয়ে তাদের দুশ্চিন্তায় থাকতে হয়। তাই জেলেদের সহায়তার বিষয়টিও মাথায় রাখা উচিত। আরেক আড়তদার মো. রফিকুল ইসলাম বলেন, নিষেধাজ্ঞা থাকুক, তবে তা যেন মা ইলিশের প্রকৃত প্রজনন সময়কে কেন্দ্র করে হয়। এতে একদিকে যেমন ইলিশের প্রজনন নিশ্চিত হবে, অন্যদিকে জেলেরাও নিষেধাজ্ঞার যৌক্তিকতা সহজে মেনে নিতে পারবেন। এ বিষয়ে মৎস্য অধিদপ্তরের কর্মকর্তারা বলছেন, মা ইলিশ সংরক্ষণের মূল লক্ষ্য অক্ষুণ্ণ রেখেই বিষয়টি বিবেচনা করা হচ্ছে। জেলেদের পক্ষ থেকে নিষেধাজ্ঞার সময় পেছানোর যে দাবি উঠেছে, সেটিও সংশ্লিষ্ট পর্যায়ে আলোচনা করা হচ্ছে। এ ব্যাপারে বরিশাল মৎস্য অধিদপ্তরের সিনিয়র সহকারী পরিচালক আনিসুজ্জামান বলেন, জেলেদের দাবি ও নদীর বাস্তবতা দেখে সিদ্ধান্ত নেওয়ার বিষয়ে সংশ্লিষ্ট পর্যায়ে আলোচনা চলছে। যাতে জেলে ও ইলিশ দুই পক্ষই উপকৃত হয়, সেজন্য নিষেধাজ্ঞার সময় ১৫ দিন পিছিয়ে দেওয়ার একটি প্রস্তাবনা বিভাগীয় পর্যায়ে রয়েছে।

নদীর পাড় ধসে নিখোঁজ বিজিবি

ইনচার্জ সনাতন চন্দ্র সরকার বলেন, জেলে ও স্থানীয়রা চরে মরদেহটি দেখতে পেয়ে নৌপুলিশকে খবর দেন। পরে পুলিশ গিয়ে মরদেহটি উদ্ধার করে তীরে নিয়ে আসে। পরবর্তীতে মরদেহটি মেঘনা নদীতে নিখোঁজ বিজিবি সদস্য আমজাদের বলে শনাক্ত করেন তার পরিবারের সদস্যরা। আইনি প্রক্রিয়া শেষে মরদেহটি পরিবারের কাছে হস্তান্তর করা হবে। প্রসঙ্গত, বুধবার সন্ধ্যায় আমজাদ, রাকিব, ফাহিম ও শাওনসহ মোট ৫ বন্ধু মেঘনা নদীর পাড়ে বসে আড্ডা দিচ্ছিলেন। আড্ডার একপর্যায়ে পানি উন্নয়ন বোর্ডের বসানো জিওব্যাগসহ নদীর পাড়ের একাংশ হঠাৎ ধসে নদীতে পড়ে যায়। এতে ৫ বন্ধুই খরস্রোতা নদীতে পড়ে যান। তাদের মধ্যে ৩ জন সাঁতর কেটে পাড়ে উঠতে সক্ষম হলেও আমজাদ ও রাকিব নিখোঁজ হন। ৩ বন্ধুর চিৎকারে স্থানীয়রা এগিয়ে এসে তাদের উদ্ধারের চেষ্টা করলেও নিখোঁজ দুজনের সন্ধান পাননি। পরে কোস্টগার্ড ও নৌপুলিশকে খবর দেওয়া হয়। খবর পেয়ে ভোলা সদর উপজেলা প্রশাসন, ফায়ার সার্ভিস, কোস্টগার্ড, সদর মডেল থানা পুলিশ ও নৌপুলিশের সমন্বয়ে উদ্ধার অভিযান চালানো হয়। তবে ওই সময় তাদের পাওয়া যায়নি। এরপর শুক্রবার সকালে ভাসমান অবস্থায় লক্ষ্মীপুরের রামগতি উপজেলা-সংলগ্ন মেঘনা নদীর তীর থেকে রাকিবের মরদেহ উদ্ধার করে সেখানকার নৌপুলিশ। সর্বশেষ শনিবার আমজাদের মরদেহ উদ্ধার করা হলো।

বাতের কষ্টে ভুগছেন দেশের ৩০% মানুষ

তুলে ধরেন। সম্মেলনে বিভিন্ন গবেষণার তথ্য তুলে ধরে বিশেষজ্ঞরা জানান, ২০১৫ সালের জাতীয় পর্যায়ের মাসকুলোস্কেলিটাল (গঝক) গবেষণা অনুযায়ী দেশের ১৮ বছর বা তার বেশি বয়সী প্রাপ্তবয়স্কদের ৩০.৪ শতাংশ বাতরোগে আক্রান্ত। এদের মধ্যে ২৪.৮ শতাংশ মানুষ শারীরিক প্রতিবন্ধকতার শিকার হন এবং ২৪.৪ শতাংশ বছরের কোনো না কোনো সময় কাজের ক্ষমতা হারিয়ে ফেলেন। এর আগে আঞ্চলিক কোপকর্ড (COPCORD) সার্ভেতেও ২৬.৩ শতাংশ মানুষের হাড় ও পেশীর ব্যথায় ভোগার প্রমাণ পাওয়া যায়। এ ছাড়া এশীয় জনমিতি ও আন্তর্জাতিক অস্টিওপোরোসিস ফাউন্ডেশনের (IOF) তথ্য অনুযায়ী, দেশে অস্টিওপোরোসিসের প্রাদুর্ভাব ১৬.৭ শতাংশ (প্রায় ২ কোটি ১৫ লাখ মানুষ) এবং ২০২৬ সাল নাগাদ ৫০ বছর বা তদূর্ধ্ব নারীদের ৪০ শতাংশেই (প্রায় ৬৫.৬ লাখ) এতে আক্রান্ত হওয়ার ঝুঁকিতে রয়েছেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) বরাতে তারা আরও জানায়, দেশে মোট মৃত্যুর প্রায় ৭১ শতাংশই অসংক্রামক ব্যাধিতে (এনসিডি) ঘটে। কিন্তু অসংক্রামক ব্যাধি সংক্রান্ত জাতীয় নীতিমালায় দীর্ঘমেয়াদি পঙ্গুত্ব সৃষ্টিকারী এই বাতরোগ এখনো উপেক্ষিত। পাশাপাশি প্রায় ১৭ কোটি মানুষের এই দেশে বিশেষজ্ঞ রিউম্যাটোলজিস্টের সংখ্যাও অত্যন্ত সীমিত। অনুষ্ঠানে বাত ব্যথাসংক্রান্ত তথ্য-উপাত্ত নিয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পিএনআরএফআর ট্রাস্টের ভাইস চেয়ারম্যান ও শমরিতা মেডিকেল কলেজ ও হাসপাতালের মেডিসিন বিভাগের সহযোগী অধ্যাপক ডা. নীরা ফেরদৌস। তিনি জানান, বাতের চিকিৎসা ব্যয় এবং আক্রান্ত ব্যক্তির আয় বন্ধ হয়ে যাওয়ায় দ্বিগুণ আর্থিক বোঝা পরিবারগুলোকে নিঃস্ব করে দিচ্ছে। তথ্য অনুযায়ী, রিউমাটয়েড আর্থ্রাইটিসে বছরে ৪০ হাজার থেকে ৫ লাখ টাকা এবং স্পন্ডাইলোআর্থ্রাইটিসে ৪০ হাজার থেকে ৬ লাখ টাকা পর্যন্ত খরচ হতে পারে। এ ছাড়া হাঁটু প্রতিস্থাপনে দেড় লাখ থেকে ৪ লাখ টাকা এবং হিপ ফ্র্যাকচারের অস্ত্রোপচারে ১লাখ ৮০ হাজার থেকে ৩ লাখ টাকা পর্যন্ত ব্যয় হয়। দেশে বাতরোগের প্রকোপ ও করণীয় নিয়ে পিএনআরএফআর ট্রাস্টের চেয়ারম্যান ও বাতব্যথা বিশেষজ্ঞ অধ্যাপক ডা. মো. নজরুল ইসলাম বলেন, সঠিক সময়ে নির্ণয় ও উপযুক্ত চিকিৎসার অভাবে বহু বাতের রোগী স্থায়ী পঙ্গুত্ব বরণ করছেন, যা কর্মক্ষম মানুষের কাজের ক্ষমতা কেড়ে নেওয়ার পাশাপাশি পরিবারগুলোকে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত করছে। তিনি বলেন, রোগীদের অসচেতনতা, চিকিৎসা ব্যয়ের সামর্থ্যের অভাব এবং প্রয়োজনীয় বিশেষজ্ঞ চিকিৎসক ও সুসংগঠিত স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের স্বল্পতাই বাত রোগের সুচিকিৎসার প্রধান বাধা।

খুব শিগগিরই ইরান যুদ্ধ

ডাবলিনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ দাবি করেন। ট্রাম্প বলেন, 'আমি মনে করি খুব শিগগিরই এই যুদ্ধ শেষ হবে। সম্ভবত মধ্যবর্তী নির্বাচনের পরই এটি ঘটবে। তারা (ইরান) নির্বাচন প্রক্রিয়াকে জটিল করতেই যত দূর সম্ভব বিলম্ব করার চেষ্টা করছে। তবে আমার বিশ্বাস, জনগণ এখন বিষয়টি বুঝতে পেরেছে।' তিনি আরও বলেন, 'যুদ্ধ শেষ হলেই তেলের দাম হু হু করে কমে যাবে।' নির্বাচনে জিতলে প্রত্যেককে ট্রাম্পের ৫০০০ ডলার দেওয়ার প্রতিশ্রুতি কতটা বাস্তবসম্মতনির্বাচনে জিতলে প্রত্যেককে ট্রাম্পের ৫০০০ ডলার দেওয়ার প্রতিশ্রুতি কতটা বাস্তবসম্মত এ সময় যুদ্ধবিধ্বস্ত গাজা উপত্যকায় যুক্তরাষ্ট্রের ভূমিকা নিয়ে প্রশ্ন করা হলে ট্রাম্প তাঁর প্রশাসনের পদক্ষেপকে 'অসাধারণ' বলে অভিহিত করেন। ইসরায়েলকে সহায়তার বিষয়ে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি বলেন, 'গাজা নিয়ে বলতে গেলে, আমরা সেখানকার মূল সমস্যার সমাধান করে ফেলেছি এবং সব জিম্মিদের ফেরত এনেছি। এখন গাজায় অপ্রীতিকর তেমন কিছুই ঘটছে না।' ট্রাম্প আরও বলেন, 'নিহত জিম্মিদের বাবা-মা জানতেন তাঁদের সন্তানেরা মারা গেছেন। তাঁরা অন্তত দেহাবশেষ ফেরত চেয়েছিলেন। শেষ পর্যন্ত আমরা প্রত্যেককে ফিরিয়ে আনতে পেরেছি। এটা সত্যিই অবিশ্বাস্য। গাজার পরিস্থিতি এখন বেশ ইতিবাচক। আমি মনে করি, আমরা সেখানে দারুণ কিছু কাজ করেছি।'

মধ্যপ্রাচ্যে মার্কিন 'পাহারাদারের' কোনো

দুই দেশের টানাপোড়েনের মধ্যে শনিবার ওই মন্তব্য করেছেন তিনি। ভারতে চলমান ব্রিকস শীর্ষ সম্মেলনের ফাঁকে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে বৈঠকে মাসুদ পেজেশকিয়ান বলেন, ''আমাদের কোনো আঞ্চলিক পাহারাদারের দরকার নেই।'' এক বিবৃতিতে ইরানের প্রেসিডেন্টের কার্যালয় বলেছে, ''এই অঞ্চলের অখণ্ডতা ও নিরাপত্তা কেবল ভূখণ্ডের মূল অংশীদার এবং এখানকার দেশগুলোই নিশ্চিত করতে পারে বলে মন্তব্য করেছেন প্রেসিডেন্ট।'' গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় ইরানের সর্বোচ্চ নেতা নিহত হওয়ার পর থেকে ওই অঞ্চলে যুদ্ধ ছড়িয়ে পড়ে। এর জবাবে পুরো অঞ্চলজুড়ে পাল্টা হামলা শুরু করে ইরান। পাশাপাশি কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালি অবরুদ্ধ করে দেয় তেহরান; যে পথ দিয়ে বিশ্বের মোট জ্বালানি তেলের পাঁচ ভাগের এক ভাগ পরিবাহিত হতো। এরপর থেকেই গুরুত্বপূর্ণ এই জলপথের কর্তৃত্ব কবজায় নিতে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে লড়াই চলছে। যুদ্ধ শুরুর আগে এই প্রণালি দিয়ে মুক্তভাবে জাহাজ চলাচল করতে পারত। তবে ইরান এখন এ পথে চলাচলের জন্য জাহাজগুলোর পূর্বানুমতি বাধ্যতামূলক করেছে এবং সার্ভিস ফি নেওয়ার পরিকল্পনা করছে। ইরানের নির্দেশ অমান্যকারী জাহাজগুলোতে নিয়মিত হামলা চালানো হচ্ছে। অন্যদিকে হরমুজ প্রণালিতে ইরানের নিয়ন্ত্রণ ভেঙে দিতে পর্যায়ক্রমে দেশটির উপকূলীয় এলাকায় বোমাবর্ষণ করছে মার্কিন বাহিনী। মধ্যপ্রাচ্যে এই যুদ্ধ ছয় মাস পেরিয়ে যাওয়ার পর হরমুজ প্রণালির অবরোধের প্রভাব সরাসরি তেলের বাজারে পড়েছে। চলতি সপ্তাহে জ্বালানি তেলের দাম ব্যারেলপ্রতি ১০০ ডলার ছাড়িয়ে গেছে। পেজেশকিয়ান বলেন, ''আমাদের ওপর নানামুখী অন্যায়-অবিচার সত্ত্বেও আমরা যুদ্ধ কিংবা এই সংঘাতের দীর্ঘসূত্রতা চাই না। শান্তি প্রতিষ্ঠা করাই আমাদের মূল অগ্রাধিকার।''

নিজের কাফনের জন্য ভিক্ষার

থেকেই সাবেক চেয়ারম্যান আলাউদ্দিন হাওলাদারের কাছে ভিক্ষার টাকা-পয়সা জমা রাখতেন। সর্বশেষ গত শুক্রবার (১১ সেপ্টেম্বর) ভোর ৪টার দিকে উপজেলার কলাতলী ইউনিয়নে কবির বাজারে নিজের মেয়ের বাড়িতে মৃত্যুবরণ করে ওই বৃদ্ধ। পরে শুক্রবার জুম্মা নামাজের আগে তার জমানো টাকায় দিয়ে দাফনের কাপড় কিনে বিচ্ছিন্ন কলাতলীত ইউনিয়নের মনির বাজার জামে মসজিদে জানাজা শেষে দাফন করে স্থানীয়রা। স্থানীয়রা আরও জানান, ওয়াহাব পাটোয়ারী সারাদিন বাজারে বাজারে ঘুরে ভিক্ষা করতেন। ভিক্ষা করে যা টাকা-পয়সা পেতেন তা পুঁটলি (পলিথিন মোড়ানো) করে রাখতেন। তিনি একাই থাকতেন, পথে-ঘাটে ঘুমাতেন। তবে ভিক্ষার টাকা সাবেক চেয়ারম্যান আলাউদ্দিন হাওলাদারের কাছে ওই টাকা-পয়সা আমানত রাখতেন। এরই মধ্যে মৃত্যুর দিন ভারসাম্যহীন ভিক্ষুক রাতে মেয়ের বাড়িতে যান। সেখানে তিনি মৃত্যুবরণ করেন। ভিক্ষুকের মৃত্যুর পর চেয়ারম্যানের কাছে আমানত রাখা গচ্ছিত টাকা-পয়সার পুঁটলি গণনা করে ৮ হাজার ৯৮৫ টাকা পাওয়া যায়। তখন আলাউদ্দিন চেয়ারম্যানসহ আশপাশের গণ্যমান্য ব্যক্তিরা নিজেদের কিছু টাকা বৃদ্ধের দাফন-কাফনসহ অন্যান্য কাজের জন্য দেন। এই ব্যাপারে সাবেক চেয়ারম্যান আলাউদ্দিন হাওলাদার ও উপজেলা যুবদলের সাবেক সভাপতি রাজিব চৌধুরী জানান, ঘটনাটি হৃদয়বিদারক। নিজের দাফনের টাকা নিজেই জমিয়ে রেখেছেন। ওয়াহাব পাটোয়ারী (ভিক্ষুক) দাদার ওছিয়ত মতে সবকিছু করা হবে। স্থানীয়রা সবাই মিলে কুলখানির আয়োজন করে মানুষকে খাওয়ানো হবে।

ইয়াবা, গাঁজা ও নগদ

বাজারমূল্য ৮ হাজার ৭শত টাকা। এছাড়াও ৮ সেপ্টেম্বর দুলারহাট থানা এলাকায় পুলিশের মাদকবিরোধী বিশেষ অভিযানে ২৭ পিস ইয়াবা ও ২০ গ্রাম গাঁজাসহ ১০ জনকে গ্রেফতার করে থানা পুলিশ। সার্কেলের সহকারী পুলিশ সুপার মেহেদী হাসানের সার্বিক তত্ত্বাবধানে দুলারহাট থানা পুলিশ মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করে। অভিযানকালে ২৭ পিস অবৈধ ইয়াবা ট্যাবলেট ও ২০ গ্রাম গাঁজাসহ ১০ জনকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারা ৩৬(১) সারণির ১৯(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় মামলা রুজু করা হয়েছে বলে জানা গেছে পুলিশ সূত্রে।

রাজাপুরে যুবদল নেতার ছেলেসহ

কানুদাসকাঠি এলাকার মো. মোশারেফ শরীফের ছেলে মো. আলী হোসেন শরীফ (১৯)। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে প্রথমে বড় কৈবর্তখালী এলাকায় অভিযান চালানো হয়। পরে গালুয়া ইউনিয়নের কানুদাসকাঠি এলাকায় অভিযান চালিয়ে অপর আসামিকে গ্রেফতার করা হয়। এ সময় তাদের কাছ থেকে ৬০ গ্রাম গাঁজা ও চার পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। পুলিশের দাবি, গ্রেফতার ব্যক্তিরা দীর্ঘদিন ধরে এলাকায় মাদক কেনাবেচার সঙ্গে জড়িত ছিলেন। রাজাপুর থানার ওসি (তদন্ত) মো. ফিরোজ কামাল বলেন, গ্রেফতার আসামিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে। শনিবার দুপুর দেড়টার দিকে তাদের ঝালকাঠি আদালতে পাঠানো হয়েছে।

সরকারি কলেজ মসজিদের ইমাম-মুয়াজ্জিনদের

তিনি বরিশাল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট জামে মসজিদের ইমাম ও খতিব এবং সরকারি কলেজ মসজিদ ইমাম-মুয়াজ্জিন ঐক্য পরিষদ, বরিশাল বিভাগের সভাপতি। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারি কলেজ মসজিদ ইমাম-মুয়াজ্জিন ঐক্য পরিষদের কেন্দ্রীয় কমিটির মহাসচিব হাফেজ মাওলানা মোহাম্মদ নাসিম। বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক মাওলানা মোঃ আক্কস নাহিদ। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন তিলাওয়াত ও হামদ-নাত পরিবেশন করা হয়। পরে সরকারি কলেজ মসজিদে কর্মরত ইমাম ও মুয়াজ্জিনদের চাকরি জাতীয়করণের দাবিসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও মতবিনিময় অনুষ্ঠিত হয়। সভায় বরিশাল, পটুয়াখালী, বরগুনা, ঝালকাঠি ও ভোলা জেলার সরকারি কলেজ মসজিদের ইমাম ও খতিবরা বক্তব্য দেন। বক্তারা বলেন, সরকারি কলেজের মসজিদে নিয়োজিত ইমাম ও মুয়াজ্জিনরা দীর্ঘদিন ধরে নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও সাধারণ মুসল্লিদের ধর্মীয় সেবা দিয়ে আসছেন। নামাজের ইমামতি ও আজান-ইকামতের পাশাপাশি তারা শিক্ষার্থীদের নৈতিক ও ধর্মীয় শিক্ষা প্রদান, বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠান পরিচালনা এবং সমাজে নৈতিক মূল্যবোধ প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। তারা আরও বলেন, সরকারি কলেজের মসজিদে দায়িত্ব পালন করলেও অনেক ইমাম-মুয়াজ্জিন এখনো সরকারি চাকরির মর্যাদা, চাকরির নিরাপত্তা ও প্রয়োজনীয় সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত। এতে তাদের জীবনযাপন ও ভবিষ্যৎ নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। এ সময় বক্তারা সরকারি কলেজ মসজিদে নিয়োজিত ইমাম-মুয়াজ্জিনদের চাকরি জাতীয়করণের দাবি দ্রুত বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান। আলোচনা শেষে দেশ, জাতি, ইসলাম ও মুসলিম উম্মাহর কল্যাণ এবং ইমাম-মুয়াজ্জিনদের চাকরি জাতীয়করণের দাবির সফলতা কামনা করে বিশেষ দোয়া করা হয়।

আমতলীতে ৪শ পিস ইয়াবা

মো. বাইজিদের বসতবাড়িতে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে বাইজিদের স্ত্রী মোছা. শাহানুর বেগম (৩৫) ও তার ছেলে সানাউল্লাহকে (১৬) আটক করে পুলিশ। পরে তাদের কাছ থেকে ৪০০ পিস ইয়াবা ট্যাবলেট, ২০০ গ্রাম গাঁজা ও মাদক বিক্রির ১০ হাজার ৫৬৫ টাকা উদ্ধারের দাবি করে পুলিশ। পুলিশ জানায়, অভিযান চলাকালে মো. বাইজিদ কৌশলে পালিয়ে যায়। তাকে গ্রেপ্তারে অভিযান অব্যাহত রয়েছে। গ্রেফতার শাহানুর বেগম ও সানাউল্লাহ চরকগাছিয়া এলাকার বাসিন্দা। পুলিশ জানিয়েছে, সানাউল্লাহ অপ্রাপ্তবয়স্ক হওয়ায় তাকে 'আইনের সহিত সংঘাতে জড়িত শিশু' হিসেবে উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় গ্রেফতার দুজন ও পলাতক বাইজিদের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়েরসহ আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছে পুলিশ। বরগুনার পুলিশ সুপার কুদরত-ই-খুদা বলেন, বরগুনা জেলা পুলিশের মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে। মাদক ব্যবসায়ী ও সেবনকারীদের আইনের আওতায় আনার পাশাপাশি জেলা থেকে মাদক নির্মূলে পুলিশ কাজ করছে।

আগৈলঝাড়ায় মাদকসহ

উপজেলার বেলুহার গ্রামের মতিউর রহমানের ছেলে শান্ত সন্যামত (২৫), ছয়গ্রাম এলাকার সন্তোষ বাড়ৈর ছেলে মিঠুন বাড়ৈ (২৬) কে শান্ত সন্যামতের মাছের ঘেরের পাশ থেকে ৩০ গ্রাম গাঁজাসহ গ্রেফতার করা হয়। এছাড়া একই রাতে উপজেলার উত্তর শিহিপাশা গ্রামের হাবিব সরদারের ছেলে আহাদ সরদার (২৫), ফুল্লশ্রী গ্রামের ইউনুস পাইকের ছেলে অন্তর পাইক (২১) ও পূর্ব সুজনকাঠি গ্রামের টিএম সেলিমের ছেলে জিহাদ ইবনে সেলিম জয় (২৪) কে সুজনকাঠি এতিমখানা মোড় থেকে ৫ পিচ ইয়াবা ও ১০ গ্রাম গাঁজাসহ গ্রেফতার করা হয়। পুলিশ সূত্রে জানা যায়, গ্রেফতারকৃত ৫জনের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে। গতকাল শনিবার দুপুরে গ্রেফতারকৃত ৫ জন আসামিকে বরিশাল আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরন করা হয়েছে।

কাউখালীতে প্রধানমন্ত্রীর কনফারেন্সে

উপজেলা মিলনায়তনকেন্দ্রিক ওই সময়ে বিদ্যুৎ বন্ধ হয়ে যাওয়ায় স্থানীয়দের মধ্যে তীব্র ক্ষোভ ও নানা প্রশ্নের সৃষ্টি হয়েছে। পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী সকাল ৯টায় কাউখালী উপজেলা হলরুমে অনুষ্ঠান শুরু হয়। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাইসুল ইসলাম, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আনোয়ার হোসেন, উপজেলা বিএনপির সভাপতি এস এম আহসান কবির, সাবেক সদস্য সচিব ভিপি দুলাল, স্থানীয় সরকারি কর্মকর্তা, শিক্ষক, সাংবাদিক ও বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ। প্রধানমন্ত্রী বক্তব্য দেওয়া শুরু করার এক মিনিটের মধ্যেই অডিও-ভিডিও সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এতে উপস্থিত সবাই প্রধানমন্ত্রীর বক্তব্য শোনা থেকে বঞ্চিত হন। পরে বক্তব্য শেষ হওয়ার ৩০ সেকেন্ডের মধ্যেই বিদ্যুৎ সংযোগ পুনরায় সচল হয়। ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করে উপজেলা বিএনপির সভাপতি এস এম আহসান কবির বলেন, "মাননীয় প্রধানমন্ত্রীর গুরুত্বপূর্ণ বক্তব্যটি আমরা ঠিকভাবে শুনতে পারিনি, যা অত্যন্ত দুঃখজনক। ঘটনার পেছনে মূল কারণ কী, তা নিরপেক্ষ তদন্তের মাধ্যমে বের করে দ্রুত ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি।" উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাইসুল ইসলাম বলেন, "অনুষ্ঠান চলাকালীন বিদ্যুৎ যেন কোনোভাবেই না যায়, সে বিষয়ে পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষকে আগেই লিখিত ও মৌখিকভাবে স্পষ্ট নির্দেশনা দেওয়া হয়েছিল। এরপরও এ ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনা কেন ঘটল, তা খতিয়ে দেখা হচ্ছে। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।" এদিকে পল্লী বিদ্যুৎ কাউখালী অভিযোগ কেন্দ্রের ইনচার্জ কামাল হোসেন ইউএনওর কক্ষের লাইনে সমস্যা থাকায় সেটি মেরামতের অজুহাত দেখালেও তা মানতে নারাজ উপস্থিত ক্ষুব্ধ শ্রোতারা। পিরোজপুর পল্লী বিদ্যুতের জেনারেল ম্যানেজার মোহাম্মদ আলতাফ হোসেন জানিয়েছেন, ঘটনাটি তদন্ত করে দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।

বোরহানউদ্দিনে ৭ বছরের

(ওসি) তত্ত্বাবধানে এ অভিযান পরিচালনা করা হয়। বোরহানউদ্দিন থানার এএসআই মো. নাজির হোসেনের নেতৃত্বে পুলিশের একটি দল নারায়ণগঞ্জ র‍্যাব-১১-এর সহায়তায় তথ্যপ্রযুক্তির ব্যবহার ও গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে জাহাঙ্গীর ওরফে জাকির কাজীকে গ্রেফতার করে। এছাড়াও জাহাঙ্গীর ওরফে জাকির কাজীর বিরুদ্ধে পটুয়াখালীর একটি ডাকাতি মামলায় আদালতের দণ্ডাদেশ রয়েছে। জিআর ৩৮৮/১৪ ও এস/সি ৯০/১৭ নম্বর মামলায় দণ্ডবিধির ৩৯৫ ধারায় তাকে সাত বছরের সশ্রম কারাদণ্ড এবং পাঁচ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়। অর্থদণ্ড অনাদায়ে আরও দুই মাসের সশ্রম কারাদণ্ড ভোগের আদেশ রয়েছে। গ্রেফতার জাহাঙ্গীর ওরফে জাকির কাজী বোরহানউদ্দিন উপজেলার গঙ্গাপুর এলাকার সেকান্দার কাজীর ছেলে। তিনি বর্তমানে ভোলা সদর উপজেলার উত্তর দিঘলদী ইউনিয়নের জয়গুপি ৮ নম্বর ওয়ার্ড এলাকায় বসবাস করতেন। বোরহানউদ্দিন থানার অফিসার্স? ইনচার্জ ওসি) মনির হোসেন মিয়া বলেন জাহাঙ্গীর ওরফে জাকির কাজীর বিরুদ্ধে থানায় একটি সাজা পরোয়ানা মুলতবি রয়েছে। এ ছাড়া তার বিরুদ্ধে আদালতে একাধিক মামলা বিচারাধীন রয়েছে। গ্রেফতার আসামিকে আদালতে সোপর্দ করার প্রক্রিয়া চলছে।

উপকূলে ভেসে আসছে মৃত তিমি

অপঘাত-দূষণে মৃত্যু বলা হলেও নেই গবেষণা

বরগুনা প্রতিনিধি

১৯৯১ থেকে ২০২৬–৩৫ বছরে বরগুনার উপকূলে বারবার ভেসে এসেছে মৃত তিমি। কখনো বঙ্গোপসাগরের তীরে, কখনো নদীর মোহনায়, আবার কখনো চরের বালুতে আটকে থাকা অবস্থায় পাওয়া গেছে বিশাল এই সামুদ্রিক প্রাণীর মরদেহ। প্রতিবারই সম্ভাব্য মৃত্যুর কারণ হিসেবে উঠে এসেছে জাহাজের ধাক্কা, মাছ ধরার জালে আটকে যাওয়া, প্লাস্টিক ও অন্যান্য দূষণ কিংবা সমুদ্রের পরিবর্তিত পরিবেশের কথা। তবে কোনো ঘটনাতেই বৈজ্ঞানিক ময়নাতদন্তের মাধ্যমে মৃত্যুর কারণ নিশ্চিত করা যায়নি। মরদেহ উদ্ধারের পর দ্রুত পচন শুরু হওয়ায় অধিকাংশ ক্ষেত্রেই তা মাটিচাপা দিতে হয়েছে। ফলে মৃত্যুর কারণ অনুসন্ধানের গুরুত্বপূর্ণ সুযোগও নষ্ট হয়েছে। দেশের উপকূলে বারবার তিমি মৃত্যুর ঘটনা ঘটলেও এ বিষয়ে ধারাবাহিক গবেষণা, সমন্বিত তথ্যভান্ডার কিংবা মৃত তিমির বৈজ্ঞানিক পরীক্ষার পর্যাপ্ত ব্যবস্থা নেই বলে জানিয়েছেন বিশেষজ্ঞ ও পরিবেশকর্মীরা। বরগুনা উপকূলে ১৯৯১ সালে প্রায় ৪৮ ফুট দীর্ঘ একটি তিমি ভেসে আসার পর ২০১৪,২০২৪ ও সর্বশেষ ২০২৬ সালেও মৃত তিমি পাওয়া গেছে। ঘটনাগুলোর মধ্যে ব্যবধান কখনো দীর্ঘ, কখনো তুলনামূলক কম। কিন্তু প্রতিবারই একই প্রশ্ন উঠেছে–কেন মারা যাচ্ছে সমুদ্রের এই বিশাল প্রাণী? অনুসন্ধান ও স্থানীয় সূত্রে জানা যায়, ১৯৯১ সালে তালতলীর জোয়ালভাঙ্গা চরে প্রথমবারের মতো একটি বিশাল তিমির মরদেহ ভেসে আসে। প্রায় ৪৮ ফুট দীর্ঘ তিমিটিকে বালুচরে মাটিচাপা দেওয়া হয়। কয়েক মাস পর সেখান থেকে হাড় সংগ্রহ করে রাসায়নিক প্রক্রিয়ায় সংরক্ষণ করা হয়। পরে বিশাল কঙ্কালটি ঢাকার বাংলাদেশ জাতীয় জাদুঘরে নেওয়া হয়। বর্তমানে জাদুঘরের প্রাকৃতিক ইতিহাস বিভাগের একটি গ্যালারিতে কঙ্কালটি প্রদর্শিত হচ্ছে। তখন তিমিটির মৃত্যু নিয়ে নানা আলোচনা হলেও মৃত্যুর কারণ নিশ্চিত করার মতো প্রযুক্তি ও গবেষণার সুযোগ ছিল না। ফলে জাহাজের ধাক্কা, মাছ ধরার জালে আটকে যাওয়া কিংবা অসুস্থতার মতো সম্ভাব্য কারণের কথাই সামনে আসে। এর প্রায় দুই যুগ পর ২০১৪ সালে তালতলীর নলবুনিয়ার চরে আবারও একটি মৃত তিমি ভেসে আসে। ততক্ষণে তিমিটির শরীরে ব্যাপক পচন ধরায় দুর্গন্ধ ছড়িয়ে পড়ে। স্থানীয়ভাবে কঙ্কাল সংরক্ষণের ব্যবস্থা না থাকায় বন বিভাগ ও প্রশাসনের সহায়তায় চরে গভীর গর্ত করে সেটি পুঁতে ফেলা হয়। তখনো বিশেষজ্ঞরা গভীর সমুদ্রে বড় জাহাজের ধাক্কা অথবা বাণিজ্যিক মাছ ধরার জালে আটকে যাওয়াকে সম্ভাব্য কারণ হিসেবে দেখেছিলেন। এর প্রায় এক দশক পর, ২০২৪ সালের ১ জুলাই বরগুনা সদর উপজেলার পায়রা নদীর মোহনার ছোনবুনিয়া এলাকার একটি চরে আরও একটি মৃত তিমি পাওয়া যায়। স্থানীয়ভাবে এর দৈর্ঘ্য ৩২ থেকে ৩৬ ফুট বলে জানানো হয়। উপকূলে পৌঁছানোর আগেই তিমিটি মারা গিয়েছিল বলে ধারণা করা হয়। পচন ধরায় চারদিকে ছড়িয়ে পড়ে তীব্র দুর্গন্ধ। তখন জেলা মৎস্য কর্মকর্তা ও পরিবেশকর্মীরা প্রাথমিকভাবে বড় বাণিজ্যিক জাহাজের প্রপেলারের আঘাত, পানিদূষণ বা বিষক্রিয়াকে সম্ভাব্য কারণ হিসেবে উল্লেখ করেছিলেন। তবে ময়নাতদন্ত না হওয়ায় মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত করা সম্ভব হয়নি। সর্বশেষ গত ৯ সেপ্টেম্বর সকালে তালতলী উপজেলার বড়বগি ইউনিয়নের চরপাড়া গ্রামের কাছে আন্দারমানিক নদীর তীরে স্থানীয় বাসিন্দারা প্রায় ৩২ ফুট দীর্ঘ একটি মৃত তিমি দেখতে পান। খবর ছড়িয়ে পড়লে শত শত মানুষ সেটি দেখতে ভিড় করেন। স্থানীয় বাসিন্দাদের কয়েকজন জানান, তিমিটির শরীরে পচন ধরেছিল। জোয়ার-ভাটার সঙ্গে মরদেহটি নড়াচড়া করছিল। পরে ভাটার সময় সেটি আবার গভীর সমুদ্রের দিকে ভেসে যাওয়ার চেষ্টা করে। তালতলী বন বিভাগের রেঞ্জ কর্মকর্তা জিয়াউর রহমান জানান, নিশানবাড়িয়ার একটি চরে স্কেভেটর দিয়ে মাটি খুঁড়ে তিমিটির মরদেহ পুঁতে ফেলা হয়েছে। মৃত্যুর কারণ জানতে পরীক্ষার জন্য তিমিটির শরীর থেকে টিস্যু সংগ্রহ করা হয়েছে। তবে কীভাবে টিস্যু সংরক্ষণ করা হয়েছে জানতে চাইলে তিনি বলেন, লবণ পানিতে রাখা হয়েছে। ঢাকার কোনো প্রতিষ্ঠান নমুনা চাইলে তা পাঠানো হবে। শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ অ্যান্ড মেরিন সায়েন্স অনুষদের সহকারী অধ্যাপক মীর মোহাম্মদ আলী ছবি পর্যালোচনা করে তিমিটিকে প্রাথমিকভাবে বেলিন গোত্রের ব্রাইডস তিমি বলে ধারণা করেছেন। তিনি বলেন, বঙ্গোপসাগরে এ প্রজাতির বিচরণ রয়েছে। তবে ময়নাতদন্ত ছাড়া মৃত্যুর কারণ নিশ্চিতভাবে বলা সম্ভব নয়। জাহাজের ধাক্কা, প্লাস্টিক বা বর্জ্য গ্রহণ, মাছ ধরার জালে আটকে যাওয়া কিংবা অসুস্থ হয়ে অগভীর পানিতে আটকে পড়ার মতো কারণ থাকতে পারে। সম্প্রতি তালতলীতে ভেসে আসা মৃত তিমিটি দেখতে যাওয়া স্থানীয় জেলে শহীদ মিয়া বলেন, 'আমরা ছোটবেলা থেকেই সাগরে মাছ ধরছি। এখন আগের তুলনায় নানা ধরনের বর্জ্য ও জাল চোখে পড়ে। তিমি বা ডলফিন মারা গেলে আমাদেরও ভয় হয়। তবে সমুদ্রে আসলে কী পরিবর্তন হচ্ছে, সেটা আমরা জানি না।' স্থানীয় বাসিন্দা ও গণমাধ্যমকর্মী মোস্তাফিজুর রহমান বলেন, 'এত বড় প্রাণী আগে মাঝেমধ্যে দেখেছি। কিন্তু মৃত অবস্থায় বারবার ভেসে আসাটা স্বাভাবিক মনে হয় না। সরকার যদি প্রতিবার মৃত্যুর কারণ পরীক্ষা করে জানত, তাহলে আমরাও বুঝতে পারতাম সমস্যাটা কোথায়।' কুয়াকাটা ডলফিন রক্ষা কমিটির সাধারণ সম্পাদক আরিফুর রহমান সামুদ্রিক প্রাণীর ধারাবাহিক মৃত্যুর কারণ অনুসন্ধানে দ্রুত সমন্বিত ডাটাবেজ তৈরির দাবি জানিয়ে বলেন, একটি তিমি মারা গেলে শুধু একটি প্রাণী হারায় না, সমুদ্রের খাদ্যশৃঙ্খল ও বাস্তুতন্ত্রের একটি গুরুত্বপূর্ণ অংশ ক্ষতিগ্রস্ত হয়। বারবার তিমি, ডলফিন ও অন্যান্য সামুদ্রিক প্রাণীর মৃত্যুর ঘটনাগুলোকে আলাদা আলাদা ঘটনা হিসেবে না দেখে সামগ্রিকভাবে তদন্ত করা প্রয়োজন। আরিফুর রহমানের অভিযোগ, উপকূলীয় এলাকায় মৃত তিমি ভেসে আসার পর দ্রুত বৈজ্ঞানিক পরীক্ষা করার মতো আধুনিক মেরিন ফরেনসিক সুবিধা নেই। ফলে পচনশীল মরদেহ দ্রুত সরিয়ে মাটিচাপা দিতে হয়। এতে মৃত্যুর কারণ অনুসন্ধানের গুরুত্বপূর্ণ প্রমাণ নষ্ট হয়ে যায়। পরিবেশকর্মীরা বলছেন, সামুদ্রিক প্রাণীর মৃত্যুর কারণ অনুসন্ধানে বিশেষজ্ঞদের সমন্বয়ে তদন্ত দল গঠন, জাতীয় পর্যায়ে সামুদ্রিক প্রাণীর মৃত্যুর ডাটাবেজ তৈরি, মৃত তিমি ও ডলফিনের নমুনা পরীক্ষার জন্য আধুনিক ল্যাব স্থাপন এবং গুরুত্বপূর্ণ বিচরণক্ষেত্রে জাহাজ চলাচল ও গতি নিয়ন্ত্রণ জরুরি। বিশেষ করে 'সোয়াচ অব নো গ্রাউন্ড' সহ গুরুত্বপূর্ণ সামুদ্রিক জীববৈচিত্র্য অঞ্চলে বাণিজ্যিক জাহাজ চলাচলের প্রভাব নিয়েও গবেষণা প্রয়োজন। পাশাপাশি সাগরে প্লাস্টিক ও পরিত্যক্ত মাছ ধরার জাল ফেলা বন্ধে কার্যকর নজরদারির দাবি জানিয়েছেন তাঁরা। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও মেরিন সায়েন্স বিশেষজ্ঞ অধ্যাপক ড. এস. এম. হেমায়েত জাহান বলেন, একটি তিমির মৃত্যুকে বিচ্ছিন্ন ঘটনা হিসেবে দেখা ঠিক হবে না। বারবার একই উপকূলীয় অঞ্চলে বড় সামুদ্রিক প্রাণীর মরদেহ পাওয়া গেলে এর পেছনে পরিবেশগত ও মানবসৃষ্ট কারণ আছে কি না, তা বৈজ্ঞানিকভাবে অনুসন্ধান করা প্রয়োজন। তিনি বলেন, তিমির মৃত্যুর অন্যতম সম্ভাব্য কারণ হতে পারে সমুদ্রে 'ঘোস্ট গিয়ারিং'। ছোট-বড় মাছ ধরার ট্রলারে ব্যবহৃত প্লাস্টিকের কারেন্ট জালে ধারণক্ষমতার তুলনায় অতিরিক্ত মাছ আটকা পড়লে জেলেরা অনেক সময় মাছসহ জাল সমুদ্রে ফেলে দেন। এসব পরিত্যক্ত জালে আটকে কিংবা জালের সঙ্গে থাকা মাছ খেয়ে তিমি, ডলফিন ও কচ্ছপের মতো বড় সামুদ্রিক প্রাণী মারা যেতে পারে।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ১৩ সেপ্টেম্বর ২০২৬ ॥ ৩০ ভাদ্র ১৪৩৩

মধ্যপ্রাচ্যে মার্কিন ‘পাহারাদারের’ কোনো প্রয়োজন নেই : ইরানের প্রেসিডেন্ট

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যের নিরাপত্তা রক্ষার জন্য যুক্তরাষ্ট্রের ‘আঞ্চলিক পাহারাদার’ হওয়ার কোনো প্রয়োজন নেই বলে মন্তব্য করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। মার্কিন সামরিক বাহিনীর সঙ্গে যুদ্ধ এবং হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নিয়ে ৩ এর পাতায় দেখুন

খুব শিগগিরই ইরান যুদ্ধ শেষ হবে, দাবি ট্রাম্পের

কীর্তনখোলা ডেস্ক

আসন্ন নভেম্বর মাসের মধ্যবর্তী নির্বাচনের পরপরই ইরান যুদ্ধ শেষ হবে। এর ফলে বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম দ্রুত কমে আসবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আয়ারল্যান্ডের রাজধানী ৩ এর পাতায় দেখুন

বরিশালে বিসিআইসি সারের বাফার গুদামের উদ্বোধন করেন শিল্প মন্ত্রণালয় সচিব ও চেয়ারম্যান বিসিআইসির ড. মাহমুদুর রহমান -কীর্তনখোলা

বাতের কষ্টে ভুগছেন দেশের ৩০% মানুষ চিকিৎসার খরচ মেটাতে হচ্ছেন নিঃস্ব

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশে বাতরোগ আশঙ্কাজনকভাবে বাড়ছে। চিকিৎসার ব্যয় মেটাতে হিমশিম খাচ্ছে বহু পরিবার। একদিকে চিকিৎসার পেছনে ধারাবাহিক খরচ, অন্যদিকে আক্রান্ত ব্যক্তির কর্মক্ষমতা কমে যায়। এতে দেশের অনেক পরিবারই ‘ক্রমাগত দারিদ্র্যের’ মুখে পড়ছে। যদিও অসংক্রামক ব্যাধির ঝুঁকির তালিকায় বাতরোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ হলেও এটি এখনো উপেক্ষিত। শনিবার (১২ সেপ্টেম্বর) রাজধানীর শহীদ আবু সাঈদ ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে প্রফেসর নজরুল রিউমাটোলজি ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ (পিএনআরএফআর) ট্রাস্ট আয়োজিত ‘১০ম রোগী শিক্ষা কার্যক্রম ও ১ম বৈজ্ঞানিক সম্মেলন’-এ বিশেষজ্ঞরা এসব তথ্য ৩ এর পাতায় দেখুন

নদীতে ইলিশের টান, সামনের নিষেধাজ্ঞার সময় পেছানোর দাবি জেলেদের

কীর্তনখোলা রিপোর্ট

‘সকাল হইতে ৬ ঘণ্টা জাল বাইয়া একটা ইলিশ মাছ পাইছি। নদীতে আগের মতোন মাছ নাই। এমন চলতে থাকলে ধার দেনা শোধ করতে জাল বেঁচা ছাড়া কোনো উপায় নাই। হের মধ্যে হোনতে আছি কয়দিন পর মাছ ধরায় নিষেধাজ্ঞা শুরু ওইবে। এই নিষেধাজ্ঞা আইলেও কোনো কাজ হয় না, নিষেধাজ্ঞার সময় আরও কিছুদিন পর দেওয়া দরকার।’ নদীতে আগের মতো মাছ না পাওয়ার ক্ষোভে কথাগুলো বলছিলেন বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলার নিবন্ধিত জেলে ইউনুস মাঝি। তিনি বলেন, সরকারের দেওয়া নিষেধাজ্ঞা শেষ হলেও দেখা যায় ধরা পড়া সব ইলিশের পেটে ডিম। তাহলে সরকার যে ইলিশের ডিম ছাড়ার ৩ এর পাতায় দেখুন

নদীর পাড় ধসে নিখোঁজ বিজিবি সদস্যের মরদেহ উদ্ধার

ভোলা প্রতিনিধি

ভোলায় মেঘনা নদীর পাড় ধসে নিখোঁজের ৩ দিনের মাথায় বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) সদস্য মো. আমজাদের (২৮) মরদেহ উদ্ধার করা হয়েছে। এ নিয়ে ওই ঘটনায় মেঘনায় নিখোঁজ হওয়া ২ বন্ধুরই মরদেহ উদ্ধার হলো। শনিবার (১২ সেপ্টেম্বর) দুপুর সোয়া ৩টার দিকে ভোলার দৌলতখান উপজেলার মেঘনা নদীর মিজানের চরে ভাসমান অবস্থায় মরদেহটি উদ্ধার করা হয়। নিহত আমজাদ ভোলা পৌরসভার কালীবাড়ি রোড এলাকার বাসিন্দা ইব্রাহিমের ছেলে। তিনি বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) রোমায় কর্মরত ছিলেন। এর আগে বুধবার (৯ সেপ্টেম্বর) রাত আনুমানিক ৮টার দিকে উপজেলার শিবপুর ইউনিয়নের শান্তিরহাট এলাকার ‘গরিবের দুবাই’ খ্যাত মেঘনা নদীর তীরে এ দুর্ঘটনা ঘটে। বিষয়টি নিশ্চিত করে ভোলার বোরহানউদ্দিন উপজেলার মির্জাকালু নৌপুলিশ ফাঁড়ির ৩ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়ক যেন আতঙ্কের নাম, থামছে না মৃত্যুর মিছিল

গৌরনদী প্রতিনিধি

ঢাকা-বরিশাল মহাসড়ক দিন দিন পরিণত হচ্ছে এক চরম আতঙ্কের স্থানে। একের পর এক দুর্ঘটনা, প্রাণহানি, আহত মানুষের আর্তনাদ ও স্বজনদের কান্না-কোনো কিছুই যেন থামাতে পারছে না এই মৃত্যুর মিছিল। সর্বশেষ গত ১১ সেপ্টেম্বর বরিশালের গৌরনদী উপজেলার দক্ষিণ বিজয়পুর ও কটকস্থল এলাকায় পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় দুই মোটরসাইকেলচালক নিহত এবং একজন গুরুতর আহত হন। এর দুদিন আগে ৯ সেপ্টেম্বর উজিরপুর উপজেলার ইচলাদী টোলপ্লাজার সামনে লাশবাহী একটি অ্যাম্বুলেন্স ও যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষে ময়না বেগম (৩৫) নামে এক নারী নিহত হন। তবে এগুলো কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়। চলতি বছরের ২৬ মে গৌরনদীর বাটাজোর এলাকায় বাসের ধাক্কায় একই পরিবারের তিনজন-ফিরোজ মাহমুদ ৩ এর পাতায় দেখুন

বোরহানউদ্দিনে ৭ বছরের সাজাপ্রাপ্ত ডাকাত গ্রেফতার

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিনে সাত বছরের কারাদণ্ডপ্রাপ্ত ও সাজা পরোয়ানাভুক্ত আসামি মো. জাহাঙ্গীর ওরফে জাকির কাজীকে (৪০) গ্রেফতার করেছে পুলিশ। নারায়ণগঞ্জের ফতুল্লা থানার নূরবাগ-পাগলা এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। শুক্রবার (১১ সেপ্টেম্বর) রাতে বোরহানউদ্দিন থানা পুলিশ সূত্রে জানা গেছে, ভোলা জেলা পুলিশ সুপার মো. শহিদুল্লাহ কাওছার এর নির্দেশনায় এবং বোরহানউদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় ডেঙ্গু প্রতিরোধ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানের উদ্বোধন

আগৈলঝাড়া প্রতিনিধি

সারাদেশের ন্যায় বরিশালের আগৈলঝাড়ায় ডেঙ্গু প্রতিরোধ এবং ৩ মাসব্যাপী পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। গতকাল আগৈলঝাড়া উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা মিলানায়তনে আলোচনা সভা ও পরিষদ চত্বরে পরিচ্ছন্নতা অভিযানের শুভ উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদার। উদ্বোধনী ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় মাদকসহ ৫ জন গ্রেফতার

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলায় মাদকবিরোধী বিশেষ অভিযানে গাঁজা ও ইয়াবাসহ ৫জনকে গ্রেফতার করেছে আগৈলঝাড়া থানা পুলিশ। শুক্রবার রাতে উপজেলার বিভিন্ন এলাকায় পৃথক অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়। আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান জানান, মাদক বিরোধী অভিযানের ধারাবাহিকতায় ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে প্রধানমন্ত্রীর কনফারেন্সে বিদ্যুৎ বিভ্রাট, তদন্তের দাবি

কাউখালী প্রতিনিধি

ডেঙ্গু প্রতিরোধে দেশব্যাপী পরিচ্ছন্নতা অভিযান জোরদার করার লক্ষ্যে দেশের ৬৪টি জেলার সঙ্গে ভিডিও কনফারেন্সে যুক্ত হয়েছিলেন মাননীয় প্রধানমন্ত্রী। এরই ধারাবাহিকতায় পিরোজপুরের কাউখালী উপজেলা মিলনায়তনে আয়োজিত সরাসরি সম্প্রচার অনুষ্ঠানে ঘটে বিদ্যুৎ বিভ্রাটের ঘটনা। প্রধানমন্ত্রীর বক্তব্য শুরুর মাত্র এক মিনিটের মাথায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। তবে বক্তব্য শেষ হওয়ার মাত্র ৩০ সেকেন্ডের মধ্যেই বিদ্যুৎ আবার ফিরে আসে। উপজেলাজুড়ে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক থাকলেও শুধু ৩ এর পাতায় দেখুন

আমতলীতে ৪শ পিস ইয়াবা ও গাঁজাসহ মা-ছেলে গ্রেফতার

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলীতে ৪০০ পিস ইয়াবা, ২০০ গ্রাম গাঁজা ও মাদক বিক্রির ১০ হাজার ৫৬৫ টাকা উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় এক নারী ও তার ১৬ বছর বয়সী ছেলেকে গ্রেফতার করা হয়েছে। তবে অভিযানের সময় মাদক ব্যবসার সঙ্গে জড়িত বলে পুলিশের দাবি করা মো. বাইজিদ পালিয়ে গেছে। পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে আমতলী থানার এসআই তানজিল আলমের নেতৃত্বে পুলিশের একটি দল শুক্রবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে অভিযান চালায়। উপজেলার ৭ নম্বর আড়পাঙ্গাশিয়া ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের চরকগাছিয়া গ্রামে ৩ এর পাতায় দেখুন

সভাপতি ফাহিম-সম্পাদক আবু বক্কর হিজলা-মুলাদী-বাবুগঞ্জ-কাজিরহাট শিক্ষার্থী কল্যান পরিষদের কমিটি গঠন

মুলাদী প্রতিনিধি

হিজলা-মুলাদী-বাবুগঞ্জ-কাজিরহাট শিক্ষার্থী কল্যান পরিষদের কমিটি গঠন করা হয়েছে। সরকারি ব্রজ মোহন কলেজের অধ্যক্ষ ড.শেখ মোঃ তাজুল ইসলাম স্বাক্ষরিত নব গঠিত কমিটিতে মুলাদীর কৃতি শিক্ষার্থী হাওলাদার ফাহিমকে সভাপতি, আজিজুল হাকিম সামিকে সহ-সভাপতি, আবু বক্করকে সাধারন সম্পাদক, আশরাফুল হোসেনকে সাংগঠনিক সম্পাদক, জিহাদুল ইসলামকে দপ্তর সম্পাদক করে কমিটি গঠন করা হয়েছে। নব গঠিত কমিটিক অভিনন্দন জানিয়েছেন হিজলা-মুলাদী-বাবুগঞ্জ-কাজিরহাট উপজেলার সর্বস্তরের মানুষ।

রাজাপুরে যুবদল নেতার ছেলেসহ ৩ মাদক ব্যবসায়ী গ্রেফতার

সুদেব মালাকার, রাজাপুর

ঝালকাঠির রাজাপুরে পৃথক দুটি অভিযান চালিয়ে উপজেলা যুবদল নেতার ছেলেসহ তিন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে ৬০ গ্রাম গাঁজা ও চার পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। শুক্রবার রাত ১১টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার রাজাপুর সদর ইউনিয়নের বড় কৈবর্তখালী এলাকার গাজীবাড়ি ও গালুয়া ইউনিয়নের কানুদাসকাঠি এলাকায় পৃথক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতার ব্যক্তিরা হলেন উপজেলা যুবদলের আহ্বায়ক কমিটির সিনিয়র যুগ্ম আহ্বায়ক ও রাজাপুর সদর ইউনিয়নের বড় কৈবর্তখালী এলাকার কামরুল ইসলাম ওরফে জাকির মোল্লার ছেলে মো. মাহমুদুল হাসান ওরফে লিমন (২২), একই এলাকার মো. মোশারেফ সিকদারের ছেলে মো. রিয়াজুল ইসলাম হৃদয় (২০) এবং গালুয়া ইউনিয়নের ৩ এর পাতায় দেখুন

সরকারি কলেজ মসজিদের ইমাম-মুয়াজ্জিনদের চাকরি জাতীয়করণের দাবিতে সভা

কীর্তনখোলা রিপোর্ট

বাংলাদেশের সরকারি কলেজসমূহের মসজিদে নিয়োজিত ইমাম ও মুয়াজ্জিনদের চাকরি জাতীয়করণের দাবিতে বরিশালে আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১২ সেপ্টেম্বর ২০২৬) বরিশাল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের কনফারেন্স হলে বাংলাদেশ সরকারি কলেজ মসজিদ ইমাম-মুয়াজ্জিন ঐক্য পরিষদ, বরিশাল বিভাগের উদ্যোগে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন হাফেজ মাওলানা রুহুল আমিন। ৩ এর পাতায় দেখুন

নিজের কাফনের জন্য ভিক্ষার টাকা জমাতেন বৃদ্ধ, সেই টাকাতেই দাফন

মনপুরা প্রতিনিধি

নিজের মৃত্যুর পর টাকার অভাবে দাফন-কাফনের না হওয়ার শঙ্কায় একটু একটু করে টাকা জমিয়ে রাখতেন সত্তরোর্ধ্ব এক বৃদ্ধ। মূলত ভিক্ষা করেই স্থানীয় এক ব্যক্তির কাছে টাকাগুলো জমিয়ে রাখতেন তিনি। স্থানীয়রা জানিয়েছেন, মূলত নিজের জানাজা, দাফন ও মৃত্যুর পর কুলখানির আশায় টাকাগুলো জমিয়ে রাখতেন তিনি। তার মৃত্যুর পর তার শেষ ইচ্ছা অনুযায়ী সেই টাকাতেই ওই

বৃদ্ধের দাফন-কাফনের ব্যবস্থা করা হয়েছে। শুনে অবাক লাগলেও মনপুরার ভোলায় ঘটেছে এমন এক হৃদয়স্পর্শী ঘটনা। এই ঘটনায় আলোচনায় আসা সত্তরোর্ধ্ব ওই বৃদ্ধের প্রকৃত নাম ওয়াহাব পাটোয়ারী। তবে স্থানীয়দের কাছে তিনি ‘মপুর বাপ’ নামেই পরিচিত। তিনি উপজেলার মনপুরা ইউনিয়নের আন্দিরপাড় গ্রামের বাসিন্দা। স্থানীয় সূত্র জানায়, মানসিকভাবে কিছুটা ভারসাম্যহীন ছিলেন ওই বৃদ্ধ। মৃত্যুর পর টাকার অভাবে নিজের জানাজা-দাফন না হওয়ার আশঙ্কা করতেন তিনি। সেই আশঙ্কা ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশন ও দুলারহাট থানায় পুলিশের অভিযান ইয়াবা, গাঁজা ও নগদ টাকাসহ গ্রেফতার ১৩

চরফ্যাশন প্রতিনিধি

উপজেলার চরফ্যাশন থানা ও দুলারহাট থানা পুলিশের অভিযানে বিপুল পরিমাণ নগদ টাকা গাজা ও ইয়াবা সহ ১৩ জনকে গ্রেফতার করছে পুলিশ। চরফ্যাশনে পুলিশ সুপার শহিদুল্লাহ কাওছার পিপিএম(বার) এর নির্দেশনায় এবং অফিসার ইনচার্জ, চরফ্যাশন থানার তত্ত্বাবধানে মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ৫ শ গ্রাম গাঁজা ও গাঁজা বিক্রয়ের নগদ ৫০ হাজার টাকা সহ ২ জনকে গ্রেফতার করেছে চরফ্যাশন থানা পুলিশ। ১১ সেপ্টেম্বর গভীর রাতে ওসমানগঞ্জ ইউনিয়নের উত্তর ফ্যাশন ৭নং ওয়ার্ড বাসিন্দা আমিনুল ইসলামের বসতঘরে অভিযান পরিচালনা করে আমিনুল ইসলাম (৫৬) ও মোসাঃ হাছনে আরা ওরফে হাচনা (৩৫)-কে মাদক ও নগদ টাকাসহ গ্রেফতার করে থানা পুলিশ। উদ্ধারকৃত গাঁজার আনুমানিক মূল্য ৪০ হাজার টাকা। একই দিনে সকাল ১০টা ১৫ মিনিটে আছলামপুর ইউনিয়নের চৌমুহনী এলাকায় মতিনের দোকানের উত্তর পাশে পাকা রাস্তায় অভিযান পরিচালনা করে মোঃ জাকির হোসেন বকশী (৩৮) ও মোঃ রিয়াদ বদ্দার (২৬)-কে ২৯ পিচ অবৈধ ইয়াবা ট্যাবলেটসহ গ্রেফতার করা হয়। উদ্ধারকৃত ইয়াবার আনুমানিক ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেম্বার:	চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।	মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা	রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫	সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com